ওয়া ইল্লাতিন্ হাত্তা- আব্দা'তা কুল্লা শায়ইন্ বিহায়আ-তিম্ মুখ্তালিফাতিওঁ ওয়া আল্ওয়া-নিম্
এবং সকল প্রকার দুর্বলতা থেকেও, এমনকি তুমি সৃষ্টি করেছো ওই সকল বস্তুকে বিভিন্ন অবস্থা, নানা রং

مُتَنَوِّعَةٍ وَأَشْكَالٍ مُّتَجَنِّسَةٍ وَصُورٍ أَنْسِيَّةٍ بِأَحْسَنِ صُورَةٍ وَأَبَدَعْتَ

মুতানাব্বি'আতিওঁ ওয়া আশকা-লিম্ মুতাজান্নিসাতিওঁ ওয়া সুভারিন্ ইনসিয়্যাতিম্ বিআহুসানি সু-রাতিওঁ ওয়া আব্দা'ই
ও বিভিন্ন বাস্তব প্রতিকৃতি ও মানবীয় আকৃতিদানের মাধ্যমে সর্বোত্তম আকৃতি ও অভিনব আদর্শসহকারে;

سِيرَةٍ فِي مَلَكُوتٍ مُّتَلَا لَأَةٍ بَرَّاقَةٍ بِحَيْثُ تَغِيبُ الشَّمْسُ مَعَ شُعَاعَاتِهَا

সী-রাতিন্ ফী- মালাকু-তিম্ মুতালা'লাআতিম্ বাররাক্বা-তিম্ বিহায়সু তাগী-বুশ্ শামসু মা'আ শু'আ-আ-তিহা-
এমন উর্ধ্বজগতে, যা সদা উজ্জ্বল চমকিত, যার মহিমান্বিত চমকের মধ্যে সূর্য তার আলোসহ অদৃশ্য হয়ে পড়ে,

فِي بَرَاقَتِهَا الْجَلَالِيَّةِ هَذَا هُوَ الْأَثَارُ مِنَ الْبَدَآئِعِ الْإِلَهِيَّةِ وَأَيْنَ الْعَوْنُ

ফী- বারা-ক্বাতিহাল্ জালা-লিয়াতি হা-যা- ছয়াল্ আ-সা-রু মিনাল্ বাদা-ই-ইল্ ইলা-হিয়াতি ওয়া আয়নাল্ 'আউনুল্ এসব হলো খোদায়ী বিরল-অভিনব সৃষ্টিরাজির প্রভাবসমূহের অংশ বিশেষ মাত্র। তাহলে ওই সাহায্যের ধরন কিরূপ হতে পারে,

الْخَلْقِيُّ النَّاسُوتِيُّ الصَّلْصَالِيُّ وَالْجِنِّيُّ النَّارِيُّ بَلْ كُلُّ عَوْنٍ

খাল্কিয়্যন্ না-সু-তিয়্যুস্ সোয়াল্ সোয়া-লিয়্যু ওয়াল্ জিন্নিয়্যন্ না-রিয়্যু বাল্ কুল্লু 'আউনিন্ যা এমন সৃষ্টির প্রতি করা হয় যে সৃষ্টি দেহ ও মৃত্তিকার পরিধেয় দ্বারা আবৃত এবং ওই জ্বিন জাতি, যার সৃষ্টি আগুন থেকে?

هَالِكٌ تَحْتَ عَوْنِ عِنَايَتِكَ الْكُلِّيَّةِ وَالْجُزْئِيَّةِ الْمُرَادَةِ عِنْدَ

হা-লিকুন্ তাহতা 'আউনি 'ইনা-ইয়াতিকাল্ কুল্লিয়্যাতি ওয়াল্ জুযইয়্যাতিল্ মুরা-দাতি 'ইন্দা বরং সকল প্রকার সাহায্য মূলত ক্ষণস্থায়ী এবং ধ্বংসশীল তোমার ব্যাপক ও আংশিক অনুগ্রহের সাহায্যের অধীনে।

اِيْجَادِ كُلِّ نَوْعٍ وَ اِبْدَاعِ كُلِّ عَجِيْبٍ وَ اخْتِرَاعِ كُلِّ هَيْئَةٍ مَعَ

ঈ-জা-দি কুল্লি নাও'ইওঁ ওয়া ইব্দা-ই কুল্লি 'আজী-বিওঁ ওয়াখ্তিরা-ই কুল্লি হায়আতিম্ মা'আ আর প্রত্যেক শ্রেণীর সৃষ্টির ক্ষেত্রে যে অনুগ্রহ প্রদান করার ইচ্ছা করে থাকে এবং প্রত্যেক প্রকার আজব ধরনের বস্তু-সামগ্রীর অভিনব কায়দায় সৃষ্টির ক্ষেত্রে ও প্রত্যেক অবস্থা বা

لَوَازِمِ شَخْصِيَّةٍ وَ بِخَلْقِ قَابِلِيَّةٍ مُتَجَدِّدَةٍ اِضَافَاتِهَا وَ نَسَبِهَا

লাওয়া-যিমা শাখ্‌সিয়্যাতিওঁ ওয়া বিখাল্কি ক্বা-বিলিয়্যাতিম্ মুতাজাদ্দিদাতিন্ ইদ্বোয়া-ফা-তুহা- ওয়া নিসাবুহা- ধরনের আবিষ্কারের ক্ষেত্রে যে সাহায্য প্রদান করে থাকে তার অনুকূলে। তার আবশ্যিক বৈশিষ্ট্য ও গুণাবলী এবং তার নিত্য-নতুন যোগ্যতা ও গ্রহণযোগ্যতার সৃজন ও

هَالِكَةٌ فِي عَيْنٍ وَ حُدَّةٌ نَّاشِئَةٌ مِّنْ يِّنَابِيْعِ جَدَاوِلِ جَامِعَةٍ فِي بَحْرِ

হা-লিকাতুন্ ফী- 'আয়নি ওয়াহ্দাতিন্ না-শিআতিম্ মী ইয়ানা-বী-ই জাদা-ভিলা জা-মি'আতিন্ ফী- বাহরিন্ তার দিকে ইশারা-ইঙ্গিত ও মূলত ধ্বংসশীল ও ক্ষণস্থায়ী ওই ওয়াহ্দাত-এর মাঝে যার উদ্ভব ঘটে ওই সকল ঝর্ণনাধারার মূল

اَحَدِيْ هُوِيٍّ وَ مَمْطُوْسٍ لِّكُلِّ جُزْئِيٍّ مِّنْ نَّوْعٍ اَوْ جِنْسٍ

আহাদিয়্যন্ হুভিয়্যিওঁ ওয়া মাম্‌তু-সুল্ লিকুল্লি জুযইয়্যিম্ মিন্ নাউ'ইন আও জিন্‌সিন্ উৎসসমূহ থেকে যা মিলিত হয় ইচ্ছার এককত্বের সাগরে। অনুরূপ তা বিলীনযোগ্য প্রত্যেক প্রকার জুযু'ই (আংশিক)-এর জন্য, চাই তা বিভক্ত হোক কিংবা অবিভক্ত

أَوْ شَخْصٍ حَسَنٍ أَوْ قَبِيحٍ كَامِلٍ أَوْ نَاقِصٍ طَوِيلٍ أَوْ قَصِيرٍ

আও শাখসিন্ হাসানিন্ আও ক্বাবী-হিন্ কা-মিলিন্ আও না-ক্বিসিন্ ত্বোয়াভী-লিন্ আও ক্বাসী-রিওঁ
অথবা যে কোন ব্যক্তির জন্য, চাই সে সুশ্রী হোক কিংবা বিশ্রী হোক, পরিপূর্ণ হোক কিংবা অপরিপূর্ণ হোক এবং লম্বা হোক কিংবা বেটে হোক।

وَمَطْوِيَّةٌ فِي تَسْوِيَةِ جِهَةٍ وَوَاحِدَةٍ مُضْمَحَلَّةٌ ثُمَّ ظُهُورُهَا

ওয়া মাত্বভিয়াতুন্ ফী- তাস্বভিয়াতি জিহাতিওঁ ওয়া-হিদাতিম্ মুদ্মাহিল্লাতিন্ সুম্মা যুহু-রুহা-
আর যা গুটে যায় ওই একটি মাত্র দিকের সমান্তরাল রেখায়, যেখানে বিলীন ও প্রভাবহীন হয়ে পড়ে তার প্রকাশ ও প্রচার, নানা

وَتَنْشِيرُهَا عِنْدَ تَفْحٍ وَنَفْحٍ هُوَ عَلَامَةٌ نَشْرٍِّ وَوُجُودٍ إِضَافِيَّةٍ وَنِسْبِيَّةٍ

ওয়া তানশী-রুহা- ইন্দা তাফহিওঁ ওয়া নাফখিন্ হুয়া 'আলা-মাত্ব নাশরিওঁ ওয়া ভুজু-দিন্ ইদ্বোয়া-ফিয়াতিওঁ ওয়া নিসাবিয়াতির্
ফলমূল এবং সুগন্ধযুক্ত ফুলরাজির সৃষ্টিকালে, যা হলো বিকাশ ও সৃষ্টির আলামত, চাই তা অতিরিক্ত হোক কিংবা সম্পর্কযুক্ত হোক,

رَاجِعَةٌ إِلَى تَقْيِيدِهَا وَمَرَكَزِهَا عَلَى هَيَاةِ النَّشْأَةِ الْمَفْصَلَاتِ الْمُضَيَّاتِ الْمُشَخَّصَاتِ

রা-জি'আতিন্ ইলা- তাক্বয়ী-দিহা- ওয়া মারা-কিযিহা- 'আলা- হায়আতিন্ নাশ'আতিল্ মুফাসসোয়ালা-তিল্ মুদ্বিয়া-তিল্ মুশাখ্বাসোয়া-তিল্
যা প্রত্যাভর্তনকারী তার বন্ধন ও কেন্দ্রবিন্দুর দিকে, যা সৃষ্টির সুবিস্তারিত আকৃতিতে প্রবহমান

الْمُتَمَيِّزَاتِ فَهَذِهِ الْبَدَائِعُ أَعْجَبُ أَخْلَاقًا وَأَوْصَافًا فِي الْأَنْبِيَاءِ

মুতামাইয়িয়া-তি ফাহা-যিহিল বাদা-ই'উ আ'জাবু আখলা-ক্বাওঁ ওয়া আওসোয়া-ফান্ ফিল্ আম্বিয়া-ই
এবং বিশেষভাবে পরিলক্ষিত। অতএব, এ সকল অভিনব বিষয় নবীগণের নিকট অত্যধিক প্রিয় আদর্শ ও গুণাবলী হিসেবে বিবেচিত

وَكِرَامَاتٍ وَخَوَارِقٍ فِي الْأَوْلِيَاءِ مِنْ غَيْرِ تَوْقِفٍ عَلَى عَوْنِ أَحَدٍ مِنْ مَخْلُوقَاتِكَ

ওয়া কারা-মা-তুঁ ওয়া খাওয়া-রিক্ব ফিল্ আউলিয়া-ই মিন্ গায়রি তাওয়াক্বুফিন্ 'আলা- 'আউনি আহাদিম্ মিন্ মাখলু-ক্বা-তিকা
এবং ওলীগণের নিকট কারামত ও অলৌকিক বিষয় হিসেবে সাব্যস্ত, তোমার সৃষ্টিকুলের কারণে সাহায্যের উপর নির্ভরশীলতা ব্যতিরেকে

وَعَلَى شَرْطٍ مِّنْ شَرَائِطٍ فَجَعَلْتَ مَصْنُوعَاتِكَ مَوْجُودَةً مِّنْ

ওয়া 'আলা- শার'ত্বিম্ মিন্ শারা-ইত্বা ফাজা'আলতা মাস্নু-'আ-তিকা মাওজু-দাতাম্ মিন্
এবং শর্তাবলীর কোন একটি শর্তেরও বাধ্যবাধকতা ছাড়াই। তাই তুমি তোমার সকল সৃষ্টিকে সৃষ্টি করেছ

مَحْضِ جُودِكَ وَلُطْفِكَ حَتَّى يَتَعَجَّبَ خَلْقَكَ فِيَّ اِنِّي

মাহ্দি জু-দিকা ওয়া লুত্ফিকা হাত্তা ইয়াতা 'আজ্জাবা খাল্ কুকা ফী- আন্বী-
শুধু তোমার বদান্যতা ও অনুগ্রহ হিসেবে, যাতে তোমার সৃষ্টি অভিভূত হয়ে যায় এ বিষয়ে যে, যখন আমি এ সকল পদ ও

مَتَى اَصَبْتُ بِهَذِهِ الْمَرَاتِبِ وَالْبَدَائِعِ وَحَتَّى يَتَحَقَّقَ عَلَيَّ مِنْ

মাতা- আসোয়াবুত্ব বিহা-যিহিল্ মারা-তিবি ওয়া ল বাদা-ই ই ওয়া হাত্তা ইয়াতা হাক্কাক্বা 'আলাইয়া মিম
বিরল অবস্থাদিতে পৌছে যাব এবং আমার মধ্যে তার প্রভাব প্রতিফলিত হবে তখন আমি স্বীকার করতে বাধ্য হব যে,

مَحْضِ هِدَايَتِكَ وَاِرْشَادِكَ مِنْ غَيْرِ جُهْدٍ طَوِيلٍ وَجِدِّ كَثِيرٍ اَبَلُ

মাহ্দি হিদা-ইয়াতিকা ওয়া ইরশা-দিকা মিন্ গায়রি জুহদিন্ ত্বোয়াত্বীলিও ওয়া জিদ্দিন্ কাসী-রিম্ বাল্
এগুলো একমাত্র তোমার হিদায়ত ও পথ প্রদর্শনের বদৌলতেই অর্জিত হয়েছে, কোন প্রকার দীর্ঘ প্রচেষ্টা ও অধিক পরিশ্রমের বিনিময়ে নয়;

فِي لَمَحِ دُونَ لَمَحٍ اِذَا لَمْ يَنْصُرْ عَوْنُكَ فَمَا عَوْنُ الْغَيْرِ

ফী- লাম্হিন্ দূ-না লাম্হিন্ ইয়া- লাম্ ইয়ান্সুর্ আওনুকা ফামা- 'আউনুল্ গায়রি।
বরং একটি মাত্র মুহূর্তেই তা সম্পাদিত হয়ে গেছে, দ্বিতীয় মুহূর্তের প্রয়োজন হয়নি। যদি তোমার সাহায্য কোন কাজে না আসে তাহলে অন্যদের সাহায্য কিভাবে কাজে আসতে পারে?

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلٰى اٰلِ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

سَيِّدِنَا مُحَمَّدٍ حَضْرَةَ الْاَسْرَارِ وَمَنْبَعِ الْاَنْوَارِ

সাইয়্যিদিনা- মুহাম্মাদিন্ হাদ্ রাতিল্ আসরা-রি ওয়া মাম্মা 'ইল্ আন ওয়া-র।
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর নূরানী দরবার সকল প্রকার রহস্যের আধার এবং সকল প্রকার নূরের উৎসস্থল।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلٰى اٰلِ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

سَيِّدِنَا مُحَمَّدٍ ۙ الْأَمْرِ وَالنَّاهِي ۙ وَالْمُوَيْدِ بِالْمَدَدِ ۙ إِلَهِي

সাইয়্যিদিনা- মুহাম্মাদিনিল আ-মিরি ওয়ান্না-হী- ওয়াল মুওয়াইয়্যাদি বিল্ মাদাদিল্ ইলা-হী- ।
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি আদেশদাতা ও নিষেধকারী এবং খোদায়ী শক্তি ও সাহায্য দ্বারা সমর্থিত ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ قُطْبِ دَائِرَةِ السَّعَادَاتِ وَشَهَابِ قَبَسِ الْعِنَايَاتِ

মুহাম্মাদিন্ কুত্বি দা-ইরাতিস্ সা'আ-দা-তি ওয়া শিহা-বি ক্বাবাসিল্ 'ইনা-ইয়া-ত ।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি সকল প্রকার সৌভাগ্যের কেন্দ্রবিন্দু এবং সকল প্রকার স্নেহ-করুণার জ্যোতির বলকের শিখা ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি, আমাদের আক্বা

مُحَمَّدٍ بَدْرِ جَلَالِ اللَّهِ وَأَعْظَمِهِ وَنُورِ جَلَالِ اللَّهِ وَإِنْعَامِهِ

মুহাম্মাদিম্ বাদরি জালা-লিল্লা-হি ওয়া ই'যোয়া-মিহী- ওয়া নূ-রি জালা-লিল্লা-হি ওয়া ইন্'আ-মিহ্ ।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি আল্লাহ্ তা'আলার মহত্ব ও মহিমার পূর্ণিমা এবং আল্লাহ্ তা'আলার মহত্ব ও নিমাতের নূর ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ سُلَالَةِ السُّلَالَةِ وَخُلَاصَةِ الرِّسَالَةِ

মুহাম্মাদিন্ সুলা-লাতিস্ সুলা-লাতি ওয়া খুলা-সাতির্ রিসা-লাহ্ ।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি অভিজাত বংশীয়দের চেয়েও অভিজাত এবং রিসালতের মূল উদ্দেশ্য ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদি
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي لَمْ يَخْلُقِ اللَّهُ نَفْسًا مِّنَ الْأَنَامِ أَعَزَّ عَلَيْهِ مِنْ نَفْسِهِ

নিলাযী- লাম ইয়াখলুক্বা-হ নাফসাম মিনাল আ-নামি আ'আয্বা 'আলায়হি মিন নাফসিহ্ ।
আল্লাহ তা'আলা সৃষ্টিরাজিতে এমন কোন আত্মা সৃজন করেননি, যা আল্লাহর নিকট অধিক প্রিয় ও সম্মানিত হবে তাঁর (রাসুলের) যাত থেকে ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি, আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي لَمْ يَخْلُقِ اللَّهُ مِثْلَهُ لَا قَبْلَهُ وَلَا بَعْدَهُ

মুহাম্মাদিনি ল্বাযী- লাম ইয়াখলুক্বা-হ মিস্লাহু- লা- ক্বাব্লাহু- ওয়ালা- বা'দাহু- ।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর মত আল্লাহ তা'আলা সৃষ্টি করেননি কোন মাখলুক্বকে, না তাঁর পূর্বে, না তাঁর পরে ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي أَقْسَمَ اللَّهُ عَزَّوَجَلَّ بِقَلْبِهِ

মুহাম্মাদিনি ল্বাযী- আক্বসামাল্লা-হ 'আয্বা ওয়াজাল্লা বিক্বাল্বিহী- ।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর পবিত্র আত্মার শপথ করেছেন স্বয়ং আল্লাহ তা'আলা ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁকে

الَّذِي صَدَّقَهُ اللَّهُ بِلَا أَمْتِرَ آءٍ فِيمَا رَأَى مِنْ آيَاتِ رَبِّهِ الْكُبْرَى

ল্লাযী- সোয়াদ্বাক্বাহুল্লা-হ্ বিলামতির-ই ফী-মা- রাআ- মিন্ আ-য়া-তি রাবিবহিল্ কুবরা- ।
আল্লাহ্ তা'আলা সত্যায়ন করেছেন সহনহাতীতভাবে, তিনি মি'রাজ রাতে মহান আল্লাহর যে সকল নিদর্শনাদি দেখেছেন তার পরিপূর্ণ সমর্থনস্বরূপ ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي مَنَّ اللَّهُ بِهِ عَلَى الْأُمَّةِ وَأَوْدَعَهُ اللَّهُ أَسْرَارَ بَدِيعِ الْحِكْمَةِ

ল্লাযী- মান্নাল্লা-হ্ বিহী- 'আলাল্ উম্মাতি ওয়া আওদা'আহুল্লা-হ্ আসরা-রা বাদী-ইল্ হিক্মাহ্ ।
যাঁকে প্রেরণের মাধ্যমে আল্লাহ্ তা'আলা অনুগ্রহ করেছেন উম্মতের উপর এবং তাঁর মধ্যে আমানত রেখেছেন অভিনব হিকমতের রহস্যাদি ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي زَيْنَ اللَّهُ طَلْعَتَهُ السَّعِيدَةَ وَخَصَّهُ اللَّهُ بِالْفَضَائِلِ الْعَدِيدَةِ

ল্লাযী- যাইয়্যানাল্লা-হ্ ত্বোয়াল্'আতাহ্স্ সা'ঈ-দাতা ওয়া খাসসোয়াহুল্লা-হ্ বিল্ফাদ্বোয়-ইলিল্ 'আদী-দাহ্ ।
যাঁর শুভাগমনকে মহান আল্লাহ্ নান্দনিক করেছেন এবং তাঁকে বিশেষিত করেছেন মহান আল্লাহ্ নানা ফযীলত ও মর্যাদা দ্বারা ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي مَلَأَتْ أَنْوَارُهُ جَوَانِحَ الصُّدُورِ وَعَظَمَتْ بِهِ الْحَسَنَاتُ وَالْأُجُورُ ط

ল্লাযী- মালা'আত্ আনওয়া-রুহু- জাওয়া-নিহাস্ সুদু-রি ওয়া 'আয়ুমাত্ বিহিল্ হাসানা-তু ওয়াল্ উজু-র ।
যাঁর নূররাশির আলো দ্বারা ভরে দিয়েছে বক্ষের সকল দিক ও পার্শ্বকে এবং যাঁর বদৌলতে মহান হয়ে গিয়েছে পুণ্যরাজি ও তার প্রতিদানসমূহ ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদি
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي اسْتَنَارَتِ الْكَوْنُ بِنُورِهِ وَاشْرَقَ الْحَقُّ بِطَاعِ ظُهُورِهِ

নিলায়িস্ তানা-রাতিল্ কাওনু বিনু-রিহী- ওয়া আশরাক্বাল্ হাক্বক্বু বিত্বোয়া-লি'ই য়ুহু-রিহ্ ।
যাঁর নূর দ্বারা আলোকিত হয়েছে সারাবিশ্ব এবং চমকিত বা উদ্ভাসিত হয়েছে হক্ব ও সত্য তাঁর প্রকাশের তারকার বরকতে ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي أَطْلَعَ اللَّهُ السَّعْدَ بِطَاعِ عِزَّتِهِ

মুহাম্মাদিনি ল্বাযী- আত্বলা'আল্লা-হুস্ সা'দা বিত্বোয়া-লি'ই 'ইয্বাতিহ্ ।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর সৌভাগ্যকে বিকশিত করেছেন আল্লাহ্ তা'আলা তাঁর সম্মান ও মর্যাদার তারকার উদয়ের মাধ্যমে ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي قَرَّنَ اللَّهُ الْيَمْنَ وَالتَّوْفِيقَ بِيَمْنِ طَلْعَتِهِ

মুহাম্মাদিনি ল্বাযী- ক্বাররানাল্লা-হল্ ইয়ুম্না ওয়াত্তাওফী-ক্বা বিইয়ুম্নি ত্বোয়াল্ 'আতিহ্ ।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, আল্লাহ্ তা'আলা যাঁর বরকত ও তাওফীক্বুে সংযোজন করে দিয়েছেন তাঁর শুভাভির্ভাবের বরকতের দ্বারা ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي انْتَشَرَتْ عَلَيْهِ أَعْلَامُ النِّصْرِ وَالسَّعَادَةِ

মুহাম্মাদিনি ল্লাযিন্ তাশারাত্ 'আলায়হি আ'লা-মুন্ নাস্‌রি ওয়াস্ সা'আ-দাহ্ ।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর উপর মহান আল্লাহর পক্ষ থেকে বিস্তার লাভ করেছে বিজয় ও সৌভাগ্যের পতাকাগুলো ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي جَعَلَ اللَّهُ مَلَائِكَةَ السَّمَاءِ

সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- জা'আলাল্লা-হু মালা-ইকাতাস্
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর জন্য মহান আল্লাহ আসমানের ফেরেশতাদেরকে বানিয়ে

حِزْبَهُ وَأَجْنَادَهُ وَقَرَّبَهُ مَوْلَاهُ وَنَجَّاهُ

সামা-ই হিয্বাহু- ওয়া আজনা-দাহু- ওয়া ক্বাররাবাহু- মাওলা-হু ওয়া না-জা-হু ।
দিয়েছেন দল ও সৈন্যবাহিনীরূপে এবং তাঁকে তঁার মহামহিম মাওলার নৈকট্য দান করেছেন ও তঁার সাথে একান্তে কথা বলেছেন ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي أْتَمَنَهُ اللَّهُ عَلَى كَشْفِ الْحَقَائِقِ وَارْتِضَاهُ

ল্লাযি'ত্‌ মানাহুল্লা-হু 'আলা- কাশ্‌ফিল্ হাক্বা-ইক্বি ওয়ার্‌তাছোয়া-হু ।
যাঁকে আল্লাহ্ তা'আলা রহস্যাদি উদ্ঘাটন ও প্রকাশের আমানতদার করেছেন এবং তাঁকে তিনি চয়নও করে নিয়েছেন ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي وَهَبَهُ اللَّهُ الشَّرْفَ الْأَكْبَرَ وَتَرَدَّى بِرِدَاءِ الْكَمَالِ وَاتَّرَرَ

ল্লাযী- ওয়াহাবাহুল্লা-হুশ্ শারাকাল্ আক্বারা ওয়া তারাদ্দা- বিরিদা-ইল্ কামা-লি ওয়াত্তাযার ।
যাঁকে আল্লাহ্ তা'আলা দান করেছেন মহাসম্মান এবং যিনি নিজেকে আবৃত করেছেন পূর্ণতার চাদর দ্বারা ও পরিধান করেছেন মহত্বের চাদর ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ نِ الَّذِي أَعْطَاهُ اللَّهُ جَمِيعَ مَطْلَبِهِ وَقَصْدِهِ

মুহাম্মাদিনি ল্লাযী- আ'ত্বায়া-হুল্লা-হু জামী-'আ মাত্বলাবিহী- ওয়া ক্বাস্দিহী-
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁকে আল্লাহ্ তা'আলা দান করেছেন তঁার সকল চাহিদা ও প্রার্থিত বস্তু

وَأَثَبَتَ اللَّهُ فِي دِيْوَانِ مَجْدِهِ وَتَنْزِيهِهِ عَهْدَهُ وَوَعْدَهُ

ওয়া আস্বাতাল্লা-হু ফী- দী-ওয়া-নি মাজ্দিহী- ওয়া তান্বী-হি 'আহ্দিহী- ওয়া ওয়া'দিহ্ ।
এবং তাঁকে লিপিবদ্ধ করে নিয়েছেন মহান আল্লাহ্ স্বীয় গৌরব, পবিত্র প্রতিশ্রুতি ও ওয়াদা পালনের দপ্তরে ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ نِ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي طُبِعَ عَلَى الْخُلُقِ الْعَظِيمِ وَالْقَلْبِ السَّلِيمِ وَجِبَلَ عَلَى الطُّبَعِ الْكَرِيمِ

ল্লাযী- ত্ববি'আ 'আলাল্ খুলুক্বিল্ 'আযী-মি ওয়াল্ ক্বাল্বিস্ সালী-মি ওয়া জুব্বিলা 'আলাত্ব ত্বাব্ইল্ কারী-ম ।
যাঁকে সৃষ্টি করা হয়েছে অনুপম আদর্শ ও সুস্থ ক্বলব সহকারে এবং তাঁকে অভ্যস্ত করা হয়েছে নম্র স্বভাবের উপর ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي جَعَلَ اللَّهُ حَقَّهُ أَعْظَمَ الْحُقُوقِ

মুহাম্মাদিনি ল্‌য়াযী- জা'আলাল্লা-হ হাক্কু-ক্বাহ্- আ'যোয়ামাল্ হুক্কু-ক্বি
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর হক্ক বা অধিকারকে আল্লাহ তা'আলা সর্বোত্তম হক্ক হিসেবে সাব্যস্ত

وَجَمَعَ اللَّهُ فِيهِ مَالَمَ يَجْمَعُهُ فِي مَخْلُوقٍ ٥

ওয়া জামা'আল্লা-হ ফী-হি মা-লাম ইয়াজ্ মা'হ ফী- মাখ্ লু-ক্ব।
করেছেন এবং তাঁর মধ্যে এমন সব সন্নিবিষ্ট করেছেন, গুণাবলী, যেগুলো সৃষ্টির অন্য কারো মধ্যে সন্নিবিষ্ট করেন নি।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي أَمْسَكَ الْعَرْشُ بِمِئِنِهِ

মুহাম্মাদিনি ল্‌য়াযী- আম্ সাকাল্ 'আর্ শু বিইয়ামী- নিহী-
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর ডান হাত মুবারককে শক্ত করে ধরে রেখেছে মহান আরশ

وَالْبَسَ اللَّهُ أَدَمَ تَاجًا مِّنْ نُبُوتِهِ عَلَى جَبِينِهِ

ওয়াল্ আল্বাসাল্লা-হ আ-দামা তা-জাম্ মিন্ নুবুওয়াতিহী- 'আলা- জাবীনিহ।
এবং আল্লাহ তা'আলা পরিধান করিয়েছেন হযরত আদমকে নুবুয়তের তাজ তাঁর (প্রিয়নবীর) ললাট মুবারকের নূর দ্বারা।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي خَرَّتْ لِرِسَالَتِهِ الْأَصْنَامُ وَتَعَطَّلَتْ لِدَعْوَتِهِ الْأَزْلَامُ

ল্‌য়াযী- খাররাত্ লিরিসা-নাতিহিল্ আস্না-মু ওয়া তা'আভ্বত্বোয়ালাত্ লিদা'ওয়াতিহিল্ আযলা-ম।
যাঁর রিসালতের মহিমায় অবনত হয়েছে মূর্তিগুলো এবং তাঁরই দাওয়াত ও দীন প্রচারের ফলে বাতিল ও অগ্রহণযোগ্য হয়ে গেল তাঁর দ্বারা ভাগ্য নির্ধারণ পদ্ধতি।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي أَعَجَزَ الْكُفْرَةَ بآيَاتِ الصُّدُورِ وَأَوَّلَهُ نُورًا وَآخِرَهُ نُورًا

ল্লাযী- আ'জাযাল্ কাফারাতা বিআ-য়া-তিস্ সুদু-রি ওয়া আউয়ালুহু- নু-রুঁ ওয়া আ-খিরুহু- নু-র।
যিনি অপারগ ও অক্ষম করে দিয়েছেন কাফিরদেরকে পবিত্র হৃদয়আলের আয়াতগুলো দ্বারা, যেগুলো ঈমানদারদের হৃদয়ে সংরক্ষিত, যার শুরুও নূর এবং শেষও নূর।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ وَالَّذِي غَيَّرَ الْأَوْثَانَ وَالْأَضْدَادَ

মুহাম্মাদিনি ল্লাযী- গাইয়্যারাল্ আওসা-না ওয়াল্ আদ্বদা-দ।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি পরিবর্তন ও বিকল করে দিয়েছেন মূর্তিগুলোকে এবং আল্লাহর সাথে শরীক ও সমকক্ষের দাবীদারদেরকে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي أَصْلَحَ اللَّهُ بِهِ مَا كَانَ فِي الْبَرِّ وَالْبَحْرِ مِنَ الْفَسَادِ

ল্লাযী- আস্লাহাল্লা-হু বিহী- মা- কা-না ফিল্ বার্রি ওয়াল্ বাহরি মিনাল্ ফাসা-দ।
যাঁর মাধ্যমে আল্লাহ তা'আলা সংশোধন করে দিয়েছেন স্থলে ও জলে বিরাজমান সকল প্রকার ফিতনা-ফ্যাসাদকে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

أَقْوَمَ مِمَّنْ طَيَّبَ اللَّهُ لَهُ النَّفُوسَ وَأَوْرَعَ مِمَّنْ أَدْفَعَ

আক্বওয়ামা মিম্মান্ ত্বোয়াইয়্যাবাল্লা-হ্ লাছন্ নুফু-সা ওয়া আওরা'আ মিম্মান্ আদফা'আ ।
যিনি তাঁদের মধ্যেও সর্বাধিক সুদৃঢ়, যাঁদের অন্তরসমূহকে মহান আল্লাহ্ পবিত্র করেছেন এবং শয়তানকে প্রতিহতকারীদের মধ্যেও, যিনি সর্বাধিক সতর্ক ও হুঁশিয়ার ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ

مُحَمَّدٍ بُرْهَانَ الْمَعَادِنِ الْجَوْهَرِيَّةِ وَكَاسِيرِ الْعَوَالِمِ الْمَعْنَوِيَّةِ

মুহাম্মাদিম্ বুরহা-নিন্ মা'আ-দিনিল্ জাওহারিয়্যাতি ওয়া আকসী-রিল্ 'আওয়া-লিমিল্ মা'নাভিয়্যাতি
মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি মণি-মুক্তার খনিগুলোর বুরহান (দলীল) এবং অদৃশ্য জগতসমূহের পরশপাথর,

وَفَضَائِلُهُ سَمَاوِيَّةٌ وَمَعَانِي الْأَسْرَارِ الْإِلَهِيَّةِ وَلَمْ يَذْكُرِ اللَّهُ أَحَدٌ بِالرُّبُوبِيَّةِ

ওয়া ফাওয়াইল-ইলুহু- সামা-ভিয়্যাওঁ ওয়া মা'আ-নিন্ আসরা-রিল্ ইলা-হিয়্যাতি ওয়া লাম্ ইয়ায়কুরিল্লা-হা আহাদুম্ বিরুব্ব-বিয়্যাতি
যাঁর মর্যাদাদি আসমানী এবং যিনি খোদায়ী রহস্যাদির মূল অর্থ ও উদ্দেশ্য, যে কেউ যখনই আল্লাহ্ তা'আলাকে রব হিসেবে স্বীকৃতি দিয়েছেন

إِلَّا ذَكَرَهُ بِالرِّسَالَةِ الْعَلِيَّةِ وَلَمْ يَذْكُرِ اللَّهُ أَحَدٌ بِالْأَحَدِيَّةِ

ইল্লা- যাকারাহু- বিররিসা-লাতিল্ 'আলিয়্যাতি ওয়া লাম্ ইয়ায়কুরিল্লা-হা আহাদুম্ বিল্ আহাদিয়্যাতি
সাথে সাথে তাঁর (প্রিয়নবীর) মহান রিসালতেরও স্বীকৃতি দিয়েছেন এবং যখনই কেউ আল্লাহ্ তা'আলাকে এক (আহাদিয়্যাত)

إِلَّا ذَكَرَهُ بِالْمُحَمَّدِيَّةِ الْأَعْظَمِيَّةِ الْعَالِيَةِ

ইল্লা- যাকারাহু- বিল্ মুহাম্মাদিয়্যাতিল্ আ'যোয়ামিয়্যাতিল্ 'আ-লিয়্যাহ্ ।
ও অদ্বিতীয় হিসেবে স্মরণ করেছেন, সাথে সাথে তাঁকেও সুমহান মহিয়ান মুহাম্মাদিয়্যাত-এর সাথেও স্মরণ করেছেন ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন্
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

كُنْزِ جَوَاهِرِ اللَّطَائِفِ وَسِرِّ عَوَارِفِ الْمَعَارِفِ وَمَظْهَرِ أَنْوَارِ التَّجَلِّيَّاتِ

কানযি জাওয়া-হিরিল্ লাভ্বোয়া-ইফি ওয়া সিররি 'আওয়া-রিফিল্ মা'আ-রিফি ওয়া মাযহারি আনওয়া-রিত্ তাজালিয়া-তি
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি সুস্ব রত্নগুলোর ধনভাণ্ডার, সুউচ্চ মা'রিকাতের রহস্য, তাজালীর নূররাশির প্রকাশস্থল,

وَعُنْصُرِ مَوَادِّ الْأَسْرَارِ وَفَيْضِ جَدَائِلِ الْأَنْوَارِ أَوْلَى بِالْعَوَارِفِ وَالْبُشْرَى

ওয়া 'উনসুরি মাওয়া-দিল্ আসরা-রি ওয়া ফায়দি জাদা-ভিলিল্ আনওয়া-রি আওলা- বিল্'আও-রিফি ওয়াল্ বুশরা-
রহস্যাদির উপাদানগুলোর মূল এবং নূররাশির ঝর্ণাগুলোর উৎসস্থল, যিনি দান-দক্ষিণা ও সুসংবাদের সর্বাধিক হকুদার।

وَهُوَ لِلْعَالَمِينَ ذِكْرًا وَادْوَمِ الْخَلْقِ عِبَادَةً وَأَقْوَمِ مَنْ قَامَ بِشَهَادَةٍ

ওয়া হুয়া লিল্'আ-লামী-না যিক্‌রাওঁ ওয়া আদওয়ামিল্ খালক্‌ই ইবা-দাতাওঁ ওয়া আকওয়ামি মান্ ক্বা-মা বিশাহা-দাতিওঁ
তিনি সারা পৃথিবীবাসীর জন্য যিক্‌র স্বরূপ। সৃষ্টির মধ্যে ইবাদতে সর্বাধিক অটল, সাক্ষ্যদাতাদের মধ্যে সর্বাধিক দৃঢ় সাক্ষী,

وَأَعْدَلِ مَنْ قَامَ بِالْحُدُودِ وَرُوحِ الْجُودِ وَسِمَاكِ السُّعُودِ

ওয়া আ'দালি মান্ ক্বা-মা বিল্‌হুদু-দি ওয়া রু-হিল্ জু-দি ওয়া সিমা-কিস্ সু'উ-দি
শরীয়তের শাস্তি প্রয়োগের ক্ষেত্রে সর্বাধিক ন্যায় বিচারক, বদান্যতার রূহ এবং সৌভাগ্যের যোজন।

وَأَفْضَلِ مَنْ جَادَ بِالْعَطَايَا وَأُورَعَ مَنْ حَدَّ لِلْعَصَاةِ حُدُودًا

ওয়া আফ্‌ওয়ালি মান্ জা-দা বিল্'আভ্বোয়া-ইয়া- ওয়া আওরা'ই মান্ হাদ্দা লিল্ 'উসোয়া-তি হুদু-দাওঁ
যিনি তাদের মধ্যে সর্বশ্রেষ্ঠ, যারা দান-দক্ষিণায় দানশীল হিসেবে খ্যাত এবং তাদের মধ্যেও সর্বাধিক সতর্ক, যারা অপরাধীদের উপর হুদ (শাস্তি) প্রয়োগ করেছেন।

وَجَعَلَ اللَّهُ بَيْنَهُ وَبَيْنَ مَنْ لَمْ يُؤْمِنْ بِهِ سِتْرًا وَحِجَابًا وَيَبْعَثُهُ

ওয়াজা'আলাল্লা-হু বায়নাহু- ওয়া বায়না মান্নাম্ ইয়ু'মিম্ বিহী- সিতরাওঁ ওয়া হিজা-বাওঁ ওয়া ইয়াব'আসুহু
আল্লাহু তা'আলা তঁার এবং তঁার উপর যারা ঈমান আনেনি তাদের মধ্যকার পর্দা ও প্রতিবন্ধকতা সৃষ্টি করে দিয়েছেন

اللَّهُ يَوْمَ الْقِيَمَةِ مَقَامًا مَحْمُودًا وَرَزَقِي اللَّهُ سُبْحَانَهُ

ল্লা-হু ইয়াউমাল্ কিয়ামতি মাক্বা-মাম্ মাহমু-দাওঁ ওয়া যাক্বাল্লা-হু সুব্‌হা-নাহু-
আর আল্লাহু তা'আলা কিয়ামত দিবসে তাঁকে মক্বাম-এ মাহমুদে অধিষ্ঠিত করবেন এবং আল্লাহু তা'আলা পবিত্র করে দিয়েছেন

فُوَادَهُ وَجَوَارِحَهُ وَأَثْنَى اللَّهُ تَعَالَى فِي كِتَابِهِ عَلَى اخْلَاقِهِ الْمَحْمُودَةِ

ফুআ-দাহু- ওয়া জাওয়া-রিহাহু- ওয়া আসনাল্লা-হু তা'আলা- ফী- কিতা-বিহী- 'আলা- আখলা-ক্বিহিল্ মাহুমু-দাতি
তঁার অন্তর ও অঙ্গ-প্রত্যঙ্গসমূহকে, আল্লাহু তা'আলা নিজ কিতাবে তঁার প্রশংসিত চরিত্র ও শিষ্টাচারের প্রশংসা করেছেন,

وَأَدَابِهِ وَأَفْصَحَ الْقُرْآنُ بِجَمِيلِ ذِكْرِهِ وَنَطَقَ الْقُرْآنُ بِعَظِيمِ أَمْرِهِ وَقَدْرِهِ

ওয়া আ-দা-বিহী- ওয়া আফসোয়াহাল্ কুরআ-নু বিজামী-লি যিকরিহী- ওয়া নাভুয়াক্বাল্ কুর-আনু বি'আযী-মি আমরিহী- ওয়া ক্বাদরিহী-
ক্বোরআনুল করীম স্পষ্ট ভাষায় বর্ণনা করেছে তঁার অনুগম আদর্শকে, ক্বোরআনুল করীম আলোচনা করেছে তঁার মহা সম্মান ও সুমহান মর্যাদা,

وَأَقْسَمَ اللَّهُ سُبْحَانَهُ بِحَيَاتِهِ وَلَمْ يُقْسِمْ بِحَيَاتِ أَحَدٍ غَيْرِهِ مِنْ مَخْلُوقَاتِهِ

ওয়া আক্বসামাল্লা-হু সুব্বাহ-নাহু- বিহায়া-তিহী- ওয়া লাম্ ইয়ুক্বসিম্ বিহায়া-তি আহাদিন্ গায়রিহী- মিম্ মাখলু-ক্বা-তিহী-
আল্লাহু তা'আলা শপথ করেছেন তঁার হায়াতের। তিনি ছাড়া সৃষ্টির অন্য কারও হায়াতের শপথ করেননি।

وَهَدَى اللَّهُ بِهِ الْخَلْقَ فِي حَيَاتِهِ وَبَعْدَ مَمَاتِهِ وَلَمْ يَنْلِ ذَلِكَ أَحَدٌ مِنْ مَخْلُوقَاتِهِ

ওয়া হাদাল্লা-হু বিহিল্ খালক্বা ফী- হায়া-তিহী- ওয়া বা'দা মামা-তিহী- ওয়া লাম্ ইয়ানাল্ যা-লিকা আহাদুম্ মিম্ মাখলু-ক্বা-তিহী-
তঁার মাধ্যমে হিদায়ত দান করেছেন সৃষ্টিকে তঁার জীবদ্দশায় এবং তার ইন্তেকালের পরও, যে সম্মানটি তিনি ছাড়া আল্লাহর সৃষ্টির অন্য কেউ লাভ করেনি।

الْوَفَىٰ بِعَهْدِهِ وَالصَّادِقِ فِي وَعْدِهِ وَنِعْمَ الرَّجُلُ

আল্ ওয়াফিয়্যি বি'আহদিহী- ওয়াসসোয়া-দিক্বি ফী- ওয়া'দিহী- ওয়া নি'মার্ রাজুলু
তিনি মহান আল্লাহর সাথে কৃত ওয়াদা পালনকারী, তঁার প্রতিশ্রুতিতে তিনি সত্যবাদী, তঁার গুনাহগার

شَفَاعَةً لِأَشْرَارِ أُمَّتِهِ وَحِرْصًا لِعِزَّازَتِهِ عِنْدَ رَبِّهِ وَكَرَامَتِهِ

শাফা- 'আতান্ লিআশরা-রি উম্মাতিহী- ওয়া হিরসোয়াল্ লি'আযা-যাতিহী- ইন্দা রাব্বিহী- ওয়া কারা-মাতিহ্।
উম্মতদের জন্য সর্বোত্তম সুপারিশকারী এবং তিনিই তঁার রবের নিকট থেকে সর্বোত্তম সম্মান ও মর্যাদা হাসিলকারী।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ رَوْضَةِ الْجَمَالِ وَبَهْجَةِ الْكَمَالِ غَيْثِ النَّوَالِ

মুহাম্মাদিনি ল্বাহী- রাওছোয়াতিল্ জামা-লি ওয়া বাহ্জাতিল্ কামা-লি গায়সিন্ নাওয়া-লি
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি নামনিকতার কানন এবং পূর্ণতার সৌন্দর্য, দান-দক্ষিণার বারিধারা

وَلَيْثِ النَّزَالِ جَمَالِ الْجَمَالِ وَغَايَةِ الْقَصْدِ وَالْأَمَالِ طَوِيلِ الطَّوْلِ

ওয়া লায়সিন্ নাযা-লি জামা-লিল্ জামা-লি ওয়া গা-ইয়াতিল্ ক্বাস্দি ওয়াল্ আ-মা-লি ত্বোয়াভী-লিত্ ত্বাউলি
এবং যুদ্ধ-ময়দানের সিংহ, সৌন্দর্যের সৌন্দর্য এবং সৃষ্টির লক্ষ্যবস্তু ও প্রত্যাশা, প্রশস্ত-সুদৃঢ় শক্তি এবং যথোপযুক্ত কথা

وَصَالِحِ الْفِعْلِ وَالْقَوْلِ طَامِي النَّوَالِ وَسَامِي الْكَمَالِ قُرَّةِ الْعَيْنِ

ওয়া সোয়া-লিহিল্ ফি'লি ওয়াল্কাউলি ত্বোয়া-মিয়িন্ নাওয়া-লি ওয়াসা-মিয়িল্ কামা-লি কুররাতিল্ 'আয়নি
ও কাজের অধিকারী, দানশীলতায় সুমহান এবং পূর্ণতায় অনন্য, চক্ষুর শীতলতা

وَزَيْنِ كُلِّ زَيْنٍ سَمَاءِ الْعُلَى وَمَوْلَى الْمَوْلَى وَقَرِيبِ النَّدَى

ওয়া যায়নি কুল্লি যায়নি সামা-ইল্ 'উলা- ওয়া মাওলাল্ মাওলা- ওয়া ক্বারী-বিন্ নিদা-
এবং সকল প্রকার মাধুর্যের প্রতীক, উন্নতির আকাশ এবং মাওলাগণের মাওলা, উপকার ও কল্যাণের অতি নিকটে,

حُسَامِ الشَّرِيعَةِ وَهَلَالِ الطَّرِيقَةِ وَمَلْجَأِ الْعُصَاةِ وَظِلِّ الْعَفَاتِ

হুসা-মিশ্ শারী-'আতি ওয়া হিলা-লিত্ব ত্বোয়ারী-ক্বাতি ওয়া মাল্জাইল্ 'উসোয়া-তি ওয়া যিল্লিল্ 'উফা-তি
শরীয়তের উনুক্ত অসি এবং তরিক্বতের নবচন্দ্র, গুনাহ্গারদের আশ্রয়স্থল এবং বদান্যতার ছায়া,

مَأْوَى الْمَسَاكِينِ وَهَادِي الْمُضِلِّينَ تَاجِ الْمَدَائِحِ وَفَرْدِ الْمَنَائِحِ

মা'ওয়াল্ মাসা-কী-নি ওয়া হা-দিল্ মুদ্দিল্লী-না তা-জিল্ মাদা-ইহি ওয়া ফার্দিল্ মানা-'ইহি
মিসকীনদের আশ্রয়স্থল এবং পথহারাদের পথ প্রদর্শক, প্রশংসিত গুণাবলীর মুকুট এবং বদান্যতায় অনন্য,

وَطِيبِ الطَّيِّبِ وَالْمُبْرَّرِ عَنِ الْعَيْبِ وَالرَّيْبِ وَعَيْنِ الْغَيْبِ الْمَكْنُونِ

ওয়া ত্বী-বিত্ব ত্বী-বি ওয়াল্ মুবাররাই 'আনিল্ আয়বি ওয়ার্ রায়বি ওয়া 'আয়নিল্ গায়বিল্ মাক্বনূ-নি
পবিত্রদের সুবাস এবং দোষ-ত্রুটি ও সন্দেহ থেকে মুক্ত, লুক্কায়িত গায়বের মূল

وَسِرِّ السِّرِّ الْمَصُونِ وَخَاتَمِ الْوَجُودِ وَفَلَكَ الْأَمَانِ وَالْجُودِ دَائِرَةِ التَّوْحِيدِ

ওয়া সির্রিস্ সির্রিল্ মাস্-নি ওয়া খা-তামিল্ ভুজ্-দি ওয়া ফালাকিল্ আমা-নি ওয়াল্ জু-দি দা-ইরাতিত্ তাওহী-দি এবং সংরক্ষিত রহস্যের ধারক, সৃষ্টির শোভা এবং নিরাপত্তা ও দানশীলতার আসমান, তাওহীদের কেন্দ্রবিন্দু

وَهَالَةَ الْهَيْكَلِ السَّعِيدِ بَدْرِ التَّحْقِيقِ وَنُورِ التَّصْدِيقِ رِيَاضِ الْخُلَّةِ

ওয়া হা-লাতিল্ হায়কালিস্ সা'ঈ-দি বাদ্রিত্ তাহক্বী-ক্বি ওয়া নু-রিত্ তাস্দী-ক্বি রিয়া-খিল্ খুল্লাতি এবং সৌভাগ্যের অবকাঠামোর বাস্তব প্রতিকৃতি, হাক্বীক্বতের পূর্ণচন্দ্র এবং সত্যায়নের নূর, বন্ধুত্বের কানন

وَسِرَاجِ الْمِلَّةِ رَأْسِ الْمَحَبَّةِ وَمُطَهَّرِ الْكَعْبَةِ حَامِي الْمَقَامِ وَمُفْشِي السَّلَامِ

ওয়া সির-জিল্ মিল্লাতি রা'সিল্ মাহাব্বাতি ওয়া মুত্বোয়্যাহু'হিরিল্ কা'বাতি হা-মিল্ মাক্বা-মি ওয়া মুফশিস্ সালা-মি এবং মিল্লাতের প্রদীপ, ভালবাসার মূল ও কা'বার পবিত্রকারী, মান-মর্যাদার সংরক্ষণকারী এবং সালামের প্রচার-প্রসারকারী,

وَشَهَابِ الدِّينِ وَأَنْسَانِ الْعَيْنِ جَوَادِ الْبِرَازِ وَطِرَازِ الطَّرَازِ

ওয়া শিহা-বিদ্ দী-নি ওয়া আনসা-নিল্ 'আয়নি জাওয়া-দিল্ বিরা-যি ওয়া ত্বিরা-যিত্ব ত্বিরা-যি ঘ্বিনের আলোকবর্তিকা এবং সৃষ্টির চোখের মণি, যুদ্ধ-ময়দানের অশ্বারোহী এবং কারুকার্যের নান্দনিকতার মূল নকশা,

صَمِيمِ الْحَسَبِ وَعَرِيْقِ النَّسَبِ ذِمَامِ الْحَرَمِ وَلُبَابِ الْكَرَمِ

সোয়ামী-মিল্ হাসাবি ওয়া 'আরী-ক্বিন্ নাসাবি যিমা-মিল্ হারামি ওয়া লুবা-বিল্ কারামি বংশীয় মর্যাদায় ঐতিহ্যবাহী এবং নসবী সিলসিলায় আভিজাত্যপূর্ণ, মান-মর্যাদার সুরক্ষক এবং দান-দক্ষিণার মূল ও সারাংশ,

نُورِ عَرُوسِ الْقَدَمِ وَضِيَاءِ بَصَائِرِ الْأُمَمِ قَمَرِ السَّعَادَةِ وَفَلَكَ السِّيَادَةِ

নু-রি 'আরু-সিল্ ক্বিদামি ওয়া ঘ্বিয়া-ই বাসোয়া-ইরিল্ উমামি ক্বামারিস্ সা'আ-দাতি ওয়া ফালাকিস্ সিয়া-দাতি আদি দুলহার নূর এবং উম্মতগণের অন্তরদৃষ্টির আলো, সৌভাগ্যের চন্দ্র ও কভ্'ত্বের আকাশ,

وَجْهِ الرِّضَا وَعَدْلِ الْقَضَا شَمْسِ الْمُنَاوِزِ هَرَةِ الشَّاءِ

ওয়াজ্-হির্ রাছোয়া- ওয়া 'আদলিল্ ক্বাছোয়া- শামসিল্ মুনা- ওয়া যুহরাতিস্ সানা-ই সন্তুষ্টির মাধ্যম-ওসীলা এবং বিচারে ন্যায়পরায়ণতার প্রতীক, আশার সূর্য এবং প্রশংসার শুকতারা,

قِدْوَةُ الْمُتَّقِينَ وَجَامِعِ شَمْلِ الدِّينِ وَهَادِي الْمُهْتَدِينَ

ক্বিদওয়াতিল্ মুত্তাক্বী-না ওয়া জা-মি'ই শাম্‌লিদ্ দী-নি ওয়া হা-দিল মুহ্তাদী-না
খোদা-ভীরুদের আদর্শ এবং দ্বীনের মর্যাদাসমূহকে সন্নিবিষ্টকারী, হিদায়ত প্রত্যাশীদের পথ প্রদর্শক

مُجِيبُ الدَّاعِي وَنِعَمَ الرَّاعِي سَيْفِ الْمِلَّةِ وَزَيْنِ الْوَجْهِ وَالْحَلَّةِ

মুজ্বী-বিদ্ দা-ঈ- ওয়া নি'মার্ রা-ঈ- সায়ফিল্ মিল্লাতি ওয়া যায়নিল্ ওয়াজ্‌হি ওয়াল্ হুল্লাতি
এবং আহ্বানকারীর আহ্বানে সাড়াদাতা ও সর্বোত্তম যত্নশীল, মিল্লাতের তরবারি এবং চেহারা ও পরিধেয়ের সৌন্দর্য,

تَمَامِ الدِّينِ وَنِهَآيَةِ الْيَقِينِ مُفْتَا حِ الضِّيَا وَسُرُورِ أَهْلِ الْآخِرَةِ وَالْدُّنْيَا -

তামা-মিদ দী-নি ওয়া নিহা-ইয়াতিল্ ইয়াক্বী-ন। মিফ্তা-হিদ্ দিয়া- ওয়া সুরু-রি আহ্লিল্ আ-খিরাতি ওয়াদ্‌ দুইয়া-।
দ্বীনের পূর্ণতা এবং দৃঢ়তার সর্বশেষ প্রাপ্ত, আলোর চাবিকাঠি এবং আখিরাত ও দুনিয়াবাসীর আনন্দ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম্ 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দ্রুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ مِّنْ دَجِ السَّمَا حَةِ وَمَنْبَعِ الْفَصَا حَةِ سَمِيَّ الْأَسْمَاءِ

মুহাম্মাদিম্ মান্দাজিস্ সামা-হাতি ওয়া মান্বা'ইল্ ফাসোয়া-হাতি সামিয়্যিল্ আস্মা-ই
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি উদারতার দিকনির্দেশক এবং স্পষ্ট-প্রাঞ্জল ভাষার উৎসস্থল, উচ্চমর্যাদাসম্পন্ন নামসমূহের ধারক

وَالْأَعْزِ الْأَتْمَى وَأَنْجِدِ الْأَنْجَادِ وَالنَّجْمِ الْوَقَادِ زَيْنِ الْعَالَمِينَ

ওয়াল্'আ'আযযিল্ আত্মা- ওয়া আনজাদিল্ আনজা-দি ওয়ান্নাজ্‌মিল্ ওয়াক্ব্বা-দি যায়নিল্ 'আ-লামী-না
এবং পরিপূর্ণ সম্মানের অধিকারী, বংশীয় ঐতিহ্যে সর্বাধিক অভিজাত এবং সমুজ্জ্বল তারকা, সারা বিশ্বের শোভা

وَأَحْمَدِ الْحَامِدِينَ وَكَرِيمِ الْعُنْصُرِينَ وَمُكْرَمِ الْأَكْرَمِينَ

ওয়া আহ্মাদিল্ হা-মিদী-না ওয়া কারী-মিল্ উন্সুরায়ঈনি ওয়া মুকার্‌রিমিল্ আক্রামী-না
এবং সর্বোত্তম প্রশংসাকারী, (পিতা-মাতা) উভয় বংশীয় মূলধারায় পরম সম্মানিত এবং সম্মানিতদেরকে সম্মানদাতা,

مِفْتَاحِ الْفَلَاحِ وَمِصْبَاحِ الْأَرْوَاحِ وَإِمْلَاحِ الْفَرَاحِ زَيْنِ الْمَدَائِحِ

মিফতা-হিল্ ফালা-হি ওয়া মিস্বা-হিল্ আরওয়া-হি ওয়া ইমলা-হিল্ ফাররা-হি যায়নিল্ মাদা-ইহি সফলতার চাবিকাঠি এবং রাহসমূহের উজ্জ্বল দীপ্ত-প্রদীপ ও খুশি-আনন্দের লাভণ্য, স্মৃতিগুলোর সৌন্দর্য

وَعَيْنِ الْمَدَائِحِ زَيْنِ الصِّفَاتِ وَحَسَنِ الثَّبَاتِ قُوَّةِ الْأَرْوَاحِ

ওয়া 'আয়নিল্ মাদা-ইহি যায়নিস্ সিফা-তি ওয়া হাসানিস্ সুবা-তি কুওয়াতিল্ আরওয়া-হি এবং প্রশংসাসমূহের মূল, গুণাবলীর সৌন্দর্য এবং দৃঢ়তার প্রতীক, রাহসমূহের জন্য শক্তি সঞ্চারক

وَعَثْبِ الْفَوَاحِ وَاسِعِ الْكَلْفِ وَبَرَكَاتِ السَّلْفِ غَزَالِ النَّقْيِ

ওয়া 'আম্বারিল্ ফাওয়া-হি ওয়া-সি'ইল্ কালাফি ওয়া বারাকাতিস্ সালাফি গাযা-লিন্ নুকা-এবং সুবাসের মিশক-আম্বর, দায়িত্ব পালনে অতি যত্নবান এবং এ পূর্ববর্তী (নবী-রসূল)গণের বরকতের মূল ওসীলা, পবিত্রতার সূতিকাগার

وَكَنْزِ التَّقْيِ مُبَشِّرِ الْمُخْبِتِينَ وَمَوْلَى الْمُؤْمِنِينَ عِصْمَةِ الْعَصَاةِ

ওয়াকানযিত্ তুকা- মুবাশ্শিরিল্ মুখ্বিতী-না ওয়া মাওলাল্ মু'মিনী-না 'ইস্মাতিল্ 'উসোয়া-তি এবং খোদাভীরুতার ভাভার, হতাশাগ্রস্তদের সুসংবাদদাতা এবং মু'মিনগণের মুনিব, গুনাহগারদের রক্ষা কবচ

وَعَرُوسِ الْمَحَبَّةِ يَمْحُو اللَّهُ بِهِ السَّيِّئَاتِ وَيُضَاعِفُ اللَّهُ بِهِ الْحَسَنَاتِ

ওয়া 'আরু-সিল্ মাহাব্বাতি ইয়াম্হুল্লা-হ্ বিহিস্ সাইয়্যা-তি ওয়া ইয়ুদ্বোয়া-ইফুল্লা-হ্ বিহিল্ হাসানা-তি এবং ভালবাসার দুলাহা, তাঁর মাধ্যমে মহান আল্লাহ্ তা'আলা ক্ষমা করেছেন সকল প্রকার পাপাচার এবং তাঁরই মাধ্যমে মহান আল্লাহ্ বৃদ্ধি করে দেন পুণ্যাদি।

يَا مَنَّانُ ذَا الْإِحْسَانِ قَدْ عَمَّ كُلَّ الْخَلَائِقِ مِنْهُ قَدْ مَنَنْتَ عَلَيَّ

ইয়া মান্না-নু যাল্ ইহসা-নি ক্বাদ্ 'আম্মা কুল্লাল্ খালা-ইক্বি মান্নাহু- ক্বাদ্ মানান্নাতা 'আলাল্ হে সর্বাধিক অনুগ্রহ ও ইহসানের মালিক! যাঁর অনুগ্রহ সৃষ্টির সকলকে ব্যাপকভাবে শামিল করে আছে; নিশ্চয় তুমি অনুগ্রহ করেছ

الْعَقْلِ الْأَوَّلِ بِالْإِيْجَادِ وَالْإِكْرَامِ وَأَحْسَنْتَ إِلَيْهِ

'আক্বলিল্ আউয়ালি বিল্ ই-জা-দি ওয়াল্ ইক্রা-মি ওয়া আহসান্নাতা ইলায়হি 'আক্বলে আউয়াল' (প্রথম বিবেক)-এর প্রতি সৃষ্টি ও সম্মান প্রদানের মাধ্যমে, আর তাঁর প্রতি তোমার এ অনুগ্রহ শুধুমাত্র

بِمَحْضِ الْجُودِ وَالْإِنْعَامِ حَتَّى صَارَ مَوْجُودًا مُشَخَّصًا بَسِيطًا

বিমাহৃদ্বিল্ জু-দি ওয়াল্ ইন্'আ-মি হাত্তা- সোয়া-রা মাওজু-দাম্ মুশাখ্খা-সোয়াম্ বাসী-ত্বান
তোমার করুণা ও দয়ারই বহিঃপ্রকাশ, ফলে তা রূপ ধারণ করেছে একটি স্বতন্ত্র দেহে, অথচ তা ছিল সম্পূর্ণ অদৃশ্য,

كُلِّيًّا مُجَرَّدًا فِي ذَاتِهِ وَفَعَلِهِ نَاشِئًا مِنْهُ وَجُودٌ نَفْسٍ فَلَكِي

কুল্লিয়াম্ মুজাররাদান্ ফী- যা-তিহী- ওয়া ফি'লিহী- না-শিআম্ মিন্হু ভুজু-দু নাফসিন্ ফালাকিয়িম্
ছিলনা তার কোন প্রত্যক্ষ কর্ম ও প্রভাব তার সত্ত্বায় ও কর্মে, যার থেকে সূত্রপাত হতে পারে ওই উর্ধ্বজাগতিক আত্মা,

مُدَبِّرًا مُطِيعًا مُطَاعًا بِإِذْنِ اللَّهِ وَإِقْدَارِهِ وَجَعَلْتَهُ قَادِرًا غَنِيًّا عَنْ

মুদাববিরাম্ মুত্তী-আম্ মুত্তোয়া-আম্ বিইযনিলা-ই ওয়া ইক্বদা-রিহী ওয়া জা'আল্ তাহু- ক্বা-দিরান্ গানিয়ান্ 'আন্
যা হবে পরিচালনাকারী এবং অনুগত ও অনুসরণীয় আল্লাহর হুকুমে ও তঁার সামর্থ্যদানে। আর একে যদিওবা তুমি সক্ষম ও

كُلِّ الْأَعْيَانِ فَهُوَ مُحْتَاجٌ إِلَيْكَ فِي بَقَاءِ شَخْصِهِ وَوُجُودِهِ

কুল্লিল্ আ'য়া-নি ফাছয়া মুহতা-জুন্ ইলায়কা ফী- বাক্বা-ই শাখ্‌সিহী- ওয়া ভুজু-দিহী-
সকল সৃষ্টি থেকে অমুখাপেক্ষী করেছো কিন্তু এটি সদা-সর্বদা তোমারই মুখাপেক্ষী স্বীয় ব্যক্তিত্ব ও অস্তিত্বকে রক্ষা করার ক্ষেত্রে,

بِحَيْثُ أَنْشَأْتَ سِلْسَلَةَ الْوُجُودِ مِنْهُ ثُمَّ أَنْتَهُتْ إِلَيْكَ

বিহায়সু আন্‌শা'তা সিল্‌সিলাতাল্ ভুজু-দি মিন্‌হু সুস্মান্ তাহাত্ ইলায়কা
তাই অস্তিত্বের ধারাবাহিকতা শুরু করেছে এটির মধ্য দিয়ে আর এর সমাপ্তি হয়েছে তোমারই দিকে।

فَهَذَا مِنْكَ وَاحْسَانُكَ فِي حَقِّهِ أَعْظَمُ الْمِنَّنِ وَالْإِحْسَانَاتِ

ফাহা-যা- মানুকা ওয়া ইহসা-নুকা ফী- হাক্বক্বিহী- আ'যোয়ামুল্ মিনানি ওয়াল্ ইহসা-না-তি
এটি ছিল তোমার পক্ষ থেকে এর প্রতি মহান ইহসান ও অনুগ্রহ, অতঃপর একে দান করেছ এমন শক্তি,

ثُمَّ أُعْطِيَتْهُ قُوَّةٌ بِهَا يَصُونَ أَرْوَاحَ الْأَنْبِيَاءِ فِي الْأَرْحَامِ وَجَعَلْتَهُ مَلِكَ اللُّوحِ

সুন্মা আ'ত্বায়তাহু- ক্বওয়াতাম্ বিহা- ইয়াসু-নু আরওয়া-হাল্ আযিয়া-ই ফিল্ আরহা-মি ওয়া জা'আল্ তাহু- মালিকাল্ লাওহি
যার মাধ্যমে সংরক্ষিত থাকে নবীগণের রূহ, গর্ভাশয়ে। আর একে বানিয়ে দিয়েছ লাওহে মাহফুয

وَالْقُرْآنِ وَقَدْسْتَهُ عَنِ التَّمْشِيرِ ثُمَّ عَظَّمْتَهُ وَكَرَّمْتَهُ بِمَنْكَ

ওয়াল্ ক্বুরআ-নি ওয়া ক্বাদাস্তাহু- 'আনিত্ তামশী-রি সুম্মা 'আযযোয়ামতাহু- ওয়া কাররামাতাহু- বিমান্নিকা ও ক্বোরআনুল করীমের বাদশাহু এবং তাকে পবিত্র করেছ অহংকার থেকে অতঃপর তাকে সম্মান ও মর্যাদা দান করেছ

وَإِحْسَانِكَ وَإِعْطَاكَ نَفْحَةَ التَّضْمِينِ تَحْتَ جَوَاهِرِ التَّرَابِ

ওয়া ইহসা-নিকা ওয়া ই'ত্বোয়া-ইকা নাফহাতাত্ তাহমী-নি তাহতা জাওয়া-হিরিত্ তুরা-বি তোমার বিশেষ দয়া-অনুগ্রহ ও বদান্যতার প্রকাশ স্বরূপ, আর প্রবাহিত করেছ প্রবল বাতাস মাটির মূলস্তরের তলদেশে,

بِحَيْثُ لَمْ يَكُنْ أَحَدٌ شَيْئًا مَّذْكَورًا وَ نَفَحْتَ التَّمْشِيرَ فَبِأَثَرِهِ

বিহায়সু লাম্ ইয়াকুন্ আহাদুন্ শাইআম্ মাযকু-রাওঁ ওয়া নাফাহুতাত্ তামশী-রা ফাবিআসুরিহী- ফলে তা সম্পূর্ণরূপে অস্তিত্ববিহীন হয়ে যায়, আবার যখন তুমি অন্য একটি বাতাস প্রবল বেগে প্রবাহিত করেছ তখন এর প্রভাব

وَنَضَارَتِهِ صَارًا الْوَجُودُ مُنْبَسِطًا عَلَى ذُرَّاتٍ شَخِصِيَّةٍ فَيَكُونُ

ওয়া নাহোয়া-রাতিহী- সোয়া-রাল্ ভুজু-দু মুম্বাসিত্বান্ 'আলা- যাররা-তিন্ শাখ্সিয়্যাতিন্ ফাইয়াকু-নু ও সজীবতায় সৃষ্টিজগত প্রসারিত ও বিক্ষিপ্তভাবে ছড়িয়ে পড়ল বিভিন্ন স্বতন্ত্র অণু-পরমাণুতে, যার ফলে তা একত্রিতকারী হয়ে গেল

جَامِعًا لِذَاتِ كُلِّ شَخْصٍ مَّحْصُورَةً فِي شَخْصِهِ وَعُضْوِهِ

জা-মি'আল লিয়া-তি কুল্লি শাখ্সিম্ মাহসু-রাতান্ ফী শাখ্সিহী ওয়া 'উদ্বাভিহী প্রত্যেক ব্যক্তির ওই সত্ত্বাকেও, যা ছিল স্বীয় ব্যক্তি সত্ত্বা ও অঙ্গ-প্রত্যঙ্গে সীমিত ।

فَيَكُونُ الْإِحْسَانُ مِنْكَ فِي حَقِّهِ قَدْ كَفَّرْتُ لَهُ بِجَمِيعِ بَدَنِي وَأَعْضَائِي

ফাইয়াকু-নুল্ ইহসা-নু মিনকা ফী- হায্বক্বিহী- ক্বাদ্ কাফ্ফারতু লাহু- বিজামী-ই বাদানী- ওয়া আ'হোয়া-ঈ আর তাও ছিল এটির প্রতি তোমার বিশেষ দয়া-অনুগ্রহ, এরই জন্য বিলীন করে দিলাম আমার দেহ ও অঙ্গ-প্রত্যঙ্গগুলো,

فَأَحْسِنُ إِلَيَّ بَأَنْ يَكُونَ مُحِبًّا لِي وَنَاصِرًا لِي فِي شِدَائِدِي وَحَاجَاتِي

ফাআহসিন্ ইলায়্যা বিআই ইয়াকু-না মুহিব্বাল্লী- ওয়া না-সিরাম্ ফী- শাদা-ইদী- ওয়া হা-জা-তী- তাই তুমি আমার প্রতি অনুগ্রহ করো যাতে ওই 'প্রথম বিবেক' আমাকে ভালবাসে এবং আমাকে সাহায্য করে আমার সকল সমস্যা ও বিপদাপদে ।

وَبَانَ يُهْدِرُ تَهْدِيرًا حَوْلَهُ بَيْنَ الْمَلَائِكَةِ الَّتِي جَعَلْتَهُ رَئِيسَهَا

ওয়া বিআই ইয়ুহাদিরা তাহুদী-রান্ হাওলাহু- বায়নাল্ মালা-ইকাতি ব্লাতী- জা'আল্ তাহু- রাঈ-সাহা-
আর আমাকে নিয়ে যেন খুশী ও আনন্দ করে ফেরেশতাদের মাঝে যাকে তুমি তাদের উপর নেতৃত্বদানকারী ও তত্ত্বাবধায়ক হিসেবে নিয়োগ দিয়েছ,

وَعَيْنَهَا وَبَانَ تَسْخِرُهُ لِي وَتُحِبِّبَنِي إِلَيْهِ مُحْسِنًا فِي حَقِّ عَبْدِكَ

ওয়া 'আয়নাহা- ওয়া বিআন্ তুসাখ্খিরাহ্ লী- ওয়া তুহাক্বিবানী- ইলায়হি মুহসিনান্ ফী- হাক্বক্বি 'আব্দিকা
অনুরূপভাবে তাকে আমার অনুগত করে দাও এবং আমাকে তার নিকট প্রিয়ভাজন করে দাও যাতে আমি তোমার বান্দা ও

وَفَقِيرِكَ كَمَا أَحْسَنْتَ إِلَيْهِ ثُمَّ مِنْكَ وَإِحْسَانُكَ

ওয়া ফাক্বী-রিকা কামা- আহসান্ তা ইলায়হি সুম্মা মান্নুকা ওয়া ইহসা-নুকা
ফকীরের প্রতি ওইরূপ অনুগ্রহ করতে পারি যেমনিভাবে তুমি তার প্রতি করেছ। অতঃপর তোমার অনুগ্রহ ও ইহসান

قَدْ وَصَلَ إِلَى كُلِّ عَقْلٍ وَنَفْسٍ فَلِكِيٍّ وَمَلِكِيٍّ

ক্বাদ ওয়াসোয়ালা ইলা- কুল্লি 'আক্বলিওঁ ওয়া নাফসিন্ ফালাকিয়্যিওঁ ওয়া মালাকিয়্যিন্
পৌছে গেছে প্রতিটি আক্বল (বিবেক) ও নাফস (আত্মা)-এর প্রতি। চাই তা উর্ধ্ব জগতীয় হোক কিংবা ফেরেশতা জাতীয় হোক,

حَتَّىٰ إِلَى الْعَقْلِ الْفَعَّالِ الْمُدَبِّرِ لِلْأُصُولِ وَالْأُمَّهَاتِ فِي

হাত্তা- ইলাল্ 'আক্বলিল্ ফা'আ-লিল্ মুদাবিবরি লিল্ উসূ-লি ওয়াল্ উম্মাহা-তি ফিত্
এমনকি তা পৌছে গেছে 'আক্বলে ফা'আল (সর্বাধিক কর্মক্ষম বিবেক)-এর প্রতিও, যা পরিচালনাকারী সকল মূলভিত্তি ও মূলবস্তুকে

الْتَّمْرِيجِ وَالتَّخْلِيطِ وَالتَّصْوِيرِ فِي الْأَرْحَامِ ثُمَّ الْحِفْظِ مِنَ الْجِنَّاتِ

তাম্বয়ী-জি ওয়া তাখ্খলী-ত্বি ওয়াত্তাস্তী-রি ফিল্ আরহা-মি সুম্মাল্ হিফ্য়ি মিনাল্ জিন্না-তিল্
পরস্পর যোজন ও মিশ্রণে এবং মাতৃগর্ভে আকৃতি প্রদানেও; অতঃপর তাকে হেফায়ত করে ওই অবাধ্য জ্বিন জাতি থেকে

الْمُتَمَرِّدَةِ الْقَاصِدَةِ إِلَى الْإِهْلَاكِ وَالْأَلَامِ وَشَرَّفَتْهُ بِالْكَلَامِ مَعَ الْأَنْبِيَاءِ الْعِظَامِ

মুতামাররিদাতিল্ ক্বা-সিদাতি ইলাল্ ইহ্লা-কি ওয়াল্ আ-লা-মি ওয়া শাররাফ্ তাহু- বিল্ কালা-মি মা'আল্ আম্মিয়া-ইল্ ইয়োয়া-মি
যারা ধবংস করতে ও কষ্ট পৌছাতে আগ্রহী। আর তাকে সম্মানিত করেছ পরম সম্মানিত নবীগণের সাথে

خُصُوصًا مُحَمَّدًا عَلَيْهِ الصَّلَاةُ وَالسَّلَامُ قَدْ أَحْسَنْتَ إِلَيْهِ

খুসু-সাম্ মুহাম্মাদান্ 'আলায়হিস্ সোয়ালা-তু ওয়াসসালা-মু ক্বাদ্ আহসান্ তা ইলায়হি বিশেষ করে হযরত মুহাম্মদ মোস্তফা আলাইহিস্ সালাতু ওয়াস সালামের সাথে কথা বলার সৌভাগ্য প্রদানের মাধ্যমে। অতঃপর তুমি তাঁর প্রতি দয়া ও অনুগ্রহ করেছ,

وَمَنْنْتَ عَلَيْهِ بِالنُّبُوَّةِ وَالْمُعْجَزَاتِ الْبَاهِرَاتِ بَعْضُهَا بِالْفِعْلِ وَبَعْضُهَا بِالْقُوَّةِ

ওয়া মানান্ তা 'আলায়হি বিনুরুওয়াতি ওয়াল্ মু'জিয়া-তিল্ বা-হিরা-তি বা'দ্বুহা- বিল্ফিল্ ওয়া বা'দ্বুহা- বিল্কুওয়াতি নুবুওয়াত ও সুস্পষ্ট মু'জিয়াসমূহ প্রদান করার মাধ্যমে, যার কতগুলো বাস্তবে আর কতগুলো ক্ষমতা ও যোগ্যতা প্রদানের মাধ্যমে।

ثُمَّ شَرَّفْتَهُ بِالْمَعَارِجِ وَكَرَّمْتَهُ بِأَنْوَاعِ الْخِطَابَاتِ

সুম্মা শাররাফ্ তাহু- বিল্ মা'আ-রিজি ওয়া কাররাম্ তাহু- বিআন্ ওয়া- 'ইল্ খিত্বোয়া-বা-তি আবার অনুরূপ তুমি তাকে সম্মানিত করেছ উন্নত পদমর্যাদাসমূহ দ্বারা এবং তাকে মর্যাদাপূর্ণ করেছ বিভিন্ন প্রকার সম্বোধন দ্বারা,

فَاطَاعَتْ نَفْسُهُ وَمَا التَفَتْ بَصْرُهُ وَجَعَلْتَهُ مَحْبُوبًا فِي

ফাআত্বোয়া'আত্ নাফসুহু- ওয়ামা-ল্ তাফাতা বাসোয়ারুহু- ওয়া জা'আল্ তাহু- মাহবু-বান্ ফিল্ ফলে তার আত্মা অনুগত হয়ে পড়েছে এবং তার দৃষ্টি অন্য কারও দিকে নিবন্ধিত হয়নি। আর তাকে তুমি প্রিয়ভাজন করে দিয়েছ

الْقُدْسِيَّاتِ وَالْمَحْسُوسَاتِ وَأَصْحَابَهُ كَوَاكِبَ دُرِّيَّاتٍ فِي الْأَرْضِيَّاتِ

ক্বুদসিয়া-তি ওয়াল্ মাহসু-সা-তি ওয়া আস্ হা-বাহু- কাওয়া-কিবা দুর্রিয়া-তিন্ ফিল্ আরদ্বিয়া-তি সকল পবিত্রতমের নিকট এবং অনুভব জগতেও, যার সাথীরা হলো ভূমিতে বসবাসরত সৃষ্টির জন্য সমুজ্জ্বল নক্ষত্রাজির ন্যায়।

حَتَّى نَجَا مَنْ تَوَجَّهَ إِلَيْهِمْ بِحُسْنِ التَّصَدِيقِ وَالطَّاعَةِ

হাত্তা- নাজা- মান্ তাওয়াজ্ জাহা ইলায়হিম্ বিহ্ স্নিত্ তাস্দী-ক্বি ওয়াত্ব ভ্বোয়া-'আতি ফলে মুক্তি পেয়েছে তারা যারা তাদের দিকে বিশ্বস্ত বিশ্বাস ও আনুগত্য সহকারে মনোনিবেশ করেছে।

يَا إِلَهِي هَذِهِ الْحَسَنَاتُ فِي حَقِّهِمْ مِّنْ أَثَارِ الْإِحْسَانَاتِ

ইয়া- ইলা-হী- হা-যিহিল্ হাসানা-তু ফী- হাক্বক্বিহিম্ মিন্ আ-সা-রিন্ ইহসা-না-তি হে আমার ইলাহ! তাদের সপক্ষে এ সকল অনুগ্রহরাজি হলো মূলত তোমার ওই সকল পবিত্র ইহসান

وَالْمِنَنِ الْمُقَدَّسَةِ عَنِ الْأِعْرَاضِ وَالْبَدَلَاتِ وَكَيْفَ وَالْكَفَّارِ الْمَلْعُونُونَ

ওয়াল্ মিনানিল্ মুক্বাদ্বাসাতি ‘আনিল্ ই’রা-দ্বি ওয়াল্ বাদালা-তি ওয়া কায়ফা ওয়াল্ কুফফা-রল্ মাল্ উ-নু-না ও অনুগ্হের প্রতিফলন যা সকল প্রকার বদলা ও বিনিময়মুক্ত। তা হবে না কেন? যেখানে অভিশপ্ত কাফিররা

قَائِلُونَ بِالْوَالِدِ وَالشَّرْكِ وَأَنْوَاعِ النَّسَبِ

ক্বা-ইল্-না বিল্ ওয়াদাদি ওয়াশ্ শির্কি ওয়া আন্ ওয়া-‘ইন্ নিসাবিল্ তোমার জন্য সন্তান সাব্যস্ত করে ও শিরকে লিপ্ত হয় এবং তোমার দিকে নানা ধরনের বংশীয় সম্পর্ক সাব্যস্ত করে থাকে

الَّتِي تَقَدَّسَتْ ذَاتُكَ وَتَنْزَهَتْ صِفَاتُكَ عَنْهَا وَأَنْتَ تَرْزُقُهُمْ

লা-ত্বী- তাক্বাদ্বাসাত্ যা-ত্বুকা ওয়া তানাযযাহাত্ সিফা-ত্বুকা ‘আনহা- ওয়া আনতা তারযুক্বুহম্ অথচ তোমার মহান যাতে পাক তা থেকে মুক্ত এবং তোমার গুণাবলী তা থেকে পবিত্র, এতদ্বসত্ত্বেও তুমি তাদেরকে রিয়ক দান করছ,

وَتَصُونَ أَبْنَائِهِمْ مُمَقَّاةً عَلَى أَشْجَارِهِمْ وَهَيْئَاتِهِمْ وَهَذَا مِنْ إِحْسَانِكَ

ওয়া তাসূ-নু আব্বনা-আহম্ মুমাক্ব্বা-তান্ ‘আলা- আশ্জা-রিহিম্ ওয়া হায়আ-তিহিম্ ওয়া হা-যা- মিন্ ইহসা-নিকা এবং তাদের সন্তানদেরকে হিফায়ত করছে এবং যারা রস আহরণ করছে তাদের বৃক্ষরাজি থেকে এবং উপকার ভোগ করছে এগুলোর অবস্থা থেকে। এটা তোমার বিশেষ ইহসান

وَمَنْكَ الْمُحِيطِ بِكُلِّ خَلْقٍ حَتَّى الْعَلَقِ وَالذُّبَابِ

ওয়া মান্নিকাল্ মুহী-ত্বি বিক্বুল্লি, খাল্ক্বিন্ হান্তাল্ ‘আলাক্বি ওয়াযযুবা-বি ও অনুগ্হহ, যা বেষ্টিন করে আছে সকল বস্তুকে, এমনকি রক্তপিভ, মাছি

وَالدُّودَةِ الْمُتَكَوِّنَةِ عَنِ الْعَفُونَاتِ إِلَهِي لِسَانِي كُلُّ وَقَلْبِي مَحْجُوبٌ

ওয়াদূ-দাত্বিল্ মুতাক্বাওয়ানাতি ‘আনিল্ ‘আফূ-না-ত। ইলা-হী লিসা-নী কাব্বুঁ ওয়া ক্বাল্বী- মাহজু-বুন্ ও কীট-পতঙ্গকেও, যা গঠিত ঘৃণিত বস্তু থেকে। হে আমার ইলাহ! আমার রসনা বিকল এবং আমার হৃদয় পদাবৃত

عَنْ تَفْصِيلِ الْمَنِ وَالْإِحْسَانَاتِ مِنْكَ فِي خَلْقِكَ فَأَحْسِنُ

‘আন্ তাফসী-লিল্ মিনানি ওয়াল্ ইহসা-না-তি মিন্কা ফী- খাল্ক্বিকা ফাআহসিন্ সৃষ্টির প্রতি তোমার ইহসান ও অনুগ্হরাজি সম্পর্কে বিস্তারিত জানতে। সুতরাং আমার প্রতি অনুগ্হহ করো

إِلَىٰ بَأْنَوَاعِ الْآثَارِ الْفَائِضَةِ وَالشُّعَاعَاتِ النُّورِيَّةِ الْحَادِثَةِ مِنَ الْعَكْسَاتِ

ইলায়্যা বিআনওয়া-ইল্ আ-সা-রিল্ ফা-ইদ্বোয়াতি ওয়াশ্শু‘আ-‘আ-তিন্ নূ-রিয়্যাতিল্ হা-দিসাতি মিনাল্ ‘আকাসা-তি এমন্ কিছু প্রভাব দ্বারা, যা সর্বদা অব্যাহত থাকে এবং নুররাশির ওই বলক দ্বারা যার উৎপত্তি ঘটে উক্ত প্রভাবের প্রতিফলনস্বরূপ,

وَتَسْخِيرِ الْقُدْسِيَّاتِ وَالْأَرْوَاحِ السَّمَاوِيَّاتِ وَالْأَرْضِيَّاتِ فَائِضَةً عَلَىٰ قَلْبِ

ওয়া তাস্বী-রিল্ কুদসিয়্যাতি ওয়াল্ আরওয়া-হিস্ সামা-ভিয়্যা-তি ওয়াল্আরুদ্বিয়্যা-তি ফা-ইদ্বোয়াতান্ ‘আলা- ক্বাল্বি অনুরূপ আমার প্রতি অনুগ্রহ করো ওই সকল পবিত্রতম রূহ ও আত্মাগুলোকে বশ করার ক্ষমতা প্রদানের মাধ্যমে, যারা হবে উর্ধ্বজগতীয় ও ভূ-জগতীয় এমতাবস্থায় তা প্রবাহিতকারী

هَذَا الْعَبْدِ الذَّلِيلِ عُلُومِ الْكَلِمَاتِ قَادِرَةً نَفْسُهُ عَلَىٰ تَفْصِيلِ الْجُزْئِيَّاتِ

হা-যা-ল্ ‘আব্দিয্ যালী-লি ‘উল্-মুল্ কুল্লিয়্যা-তি ক্বা-দিরাতান্ নাফসুহ্- ‘আলা- তাফসী-লিল্ জুযইয়্যা-তি হবে, এ অধম বান্দার হৃদয়ে ওইসব ‘কুল্লী’ (সমষ্টিগত) ইলম যা নিজেকে নিয়ে যেতে সক্ষম হবে জুযই (আংশিক) বিষয়াদি সম্পর্কে বিস্তারিতভাবে জানার দিকে,

ثُمَّ اجْعَلْ رَأْيًا قَائِمًا فِي الْمَلَكُوتِ وَاللَّاهُوتِ بَحِيثٌ يَرَاهُمَا مُشَاهِدَةً

সুম্মাজ্‘আল্ রা-ইয়ান্ ক্বা-ইমান্ ফিল্ মালাকূ-তি ওয়াল্ লা-হূ-তি বিহায়সু ইয়্যারাহমা-হমা- মুশা-হাদাতাম্ অতঃপর তাকে (এ বান্দাকে) যোগ্য করে দাও মালাকূতী বা উর্ধ্বজগত ও লাহূতী বা খোদায়ী জগতে বিচরণ ও দর্শন লাভের,

مِّنْ غَيْرِ حِجَابٍ كَرُوءِيَّةِ الْبَصْرِ فِي الْمَحْسُوسَاتِ

মিন্ গায়রি হিজা-বিন্ কারু‘ইয়াতিল্ বাসোয়া-রি ফিল্ মাহসূ-সা-ত। যা হবে কোন প্রকার আড়াল বা পর্দা ব্যতিরেকে সরাসরি দর্শন, যেমনিভাবে চক্ষু দৃশ্যজগতকে কোন প্রকার প্রতিবন্ধকতা ছাড়া দেখতে পারে ঠিক সেভাবে।

اللَّهُمَّ اجْعَلْنِي مُسَبِّحًا وَمُصَلِّيًا مَعَ الْعُقَلِ وَالْمَلَكُوتِ رَأْيًا بَعَيْنِ الْقَلْبِ

আল্লাহুম্মাজ্‘আলনী- মুসাব্বিহাওঁ ওয়া মুসোয়াল্লিয়াম্ মা‘আল্ ‘আক্বলি ওয়াল্ মালাকূ-তি রা-ইয়াম্ বি‘আয়নিল্ ক্বাল্বি হে আল্লাহ্! আমাকে তাসবীহ পাঠক ও নামায আদায়কারী বানিয়ে দাও হৃদয়ের চোখে আক্বল ও মালাকূতের দর্শন লাভ সহকারে,

أَنِّي قَائِمٌ فِي صُفُوفِهِمْ وَأُصَافِحُ مَعَهُمْ فَيُحْسِنُونَ إِلَيَّ

আননী- ক্বা-ইমুন ফী- সুফূ-ফিহিম্ ওয়া উসোয়া-ফিহ্ মা‘আহম্ ফাইয়ুহসিনূ-না ইলায়্যা য়াতে আমি দাঁড়াতে পারি তাদের কাভারে এবং মুসাফাহা (করমর্দন) করতে পারি তাদের সাথে, ফলে তারা আমার প্রতি ভাল ধারণা পোষণ করবে

وَيَحْسَبُونَ أَنَّ هَذَا الْعَبْدَ الْأَرْضِيَّ مِنْ جُمَّلَتِهِمْ فَيَحِبُّونَ لِي

ওয়া ইয়াহসাবু-না আন্না হা-যাল্ 'আব্দাল্ আর'দিয়া মিন্ জুম্লাতিহিম্ ফাইয়ুহিব্বু-না লী-
এবং তারা মনে করবে যে, এ ভূ-জাতীয় বান্দা তাদেরই একজন, অতঃপর তারা আমাকে ভালবাসতে থাকবে

وَيَنْصُرُونَنِي عِنْدَ الْحَاجَةِ وَالتَّوَجُّهِ إِلَيْهِمْ

ওয়া ইয়ান্ সুরান্-নানী- 'ইন্দাল্ হা-জাতি ওয়াত্তাওয়াজ্জুহি ইলায়হিম্ ।
এবং আমাকে সাহায্য করতে থাকবে বিভিন্ন ধর্যোজনে ও তাদের দিকে মনোনিবেশকালে ।

اللَّهُمَّ أَنْتَ قَدْ أَوْجَدْتَنِي بِإِحْسَانِكَ وَمِنْكَ ثُمَّ بَلَّغْتَنِي إِلَى مَبْلَغِ هَذَا

আল্লাহু-হুমা আন্তা ক্বাদ্ আওজাত্তানী- বিইহসা-নিকা ওয়া মান্নিকা সুম্মা বাল্লাগতানী- ইলা- মা'ব্লাগি হা-যা-
হে আল্লাহ! তুমি আমাকে সৃষ্টি করেছ তোমার বিশেষ অনুগ্রহ ও অনুকম্পা দ্বারা, অতঃপর তুমি আমাকে পৌঁছিয়ে দিয়েছ এ স্তরে ।

فَأَحْسِنُ إِلَيْكَ الْآنَ بِالَّذِي أَطْلُبُهُ مِنْكَ فَاجِبُ دَعْوَاتِي

ফাআহসিন্ ইলায়্যাল্ আ-না বিল্লাযী- আত্বলুবুহু- মিন্কা ফাআজিব্ দা'ওয়া-তী-
সুতরাং তুমি এখন আমার প্রতি অনুগ্রহ প্রদর্শন করো ওইসব বিষয়ে, যা আমি তোমার নিকট প্রার্থনা ও প্রত্যাশা করছি । অতএব, আমার আহ্বানগুলোতে সাড়া দাও

وَتَقَبَّلَهَا بِقَبُولٍ حَسَنٍ إِلَهِي مِنْ إِلَهٍ غَيْرِكَ حَتَّى اتَّوَجَّهَ إِلَيْهِ

ওয়া তাক্বাব্বাল্হা- বিক্বাব্ব-লিন্ হাসান । ইলা-হী- মান্ ইলা-হুন্ গায়রুকা হাত্তা- আতাওয়াজ্জাহা ইলায়হি
এবং সেগুলো ক্ববুল করে নাও উত্তমরূপে । হে আমার ইলাহ! তুমি ছাড়া আর কোন ইলাহ আছে কি, যার প্রতি আমি মনোনিবেশ করতে পারি?

أَنْتَ مَوْلَانَا وَوَلِيُّنَا وَمَوْجِدُنَا وَمُعِدُّنَا وَمُعِيدُنَا

আন্তা মাওলা-না- ওয়া ওয়াল্লিয়ুনা- ওয়া মু-জিদুনা- ওয়া মু'দিমুনা- ওয়া মু'ঈ-দুনা-
তুমিই তো আমাদের একমাত্র মাওলা, সাহায্যকারী, সৃষ্টিকারী, বিনাশকারী এবং পুনর্জীবিতকারী ।

فَمَنْ عَلَيَّ وَثَبْتَنِي وَأَحْشَرْنِي تَحْتَ لَوْاءِ رَسُولِكَ

ফামুন্না 'আলাইয়্যা ওয়া সাবিবতনী- ওয়াহশুরনী- তাহতা লিওয়া-ই রাসূ-লিকা
তাই তুমি আমার প্রতি অনুগ্রহ করো ও আমাকে অটল রাখ এবং তোমার প্রিয় রসূলের পতাকাতে আমাকে সমবেত করো,

فَيَقْرَبُنِي يَوْمَ الْجَزَاءِ وَالْحِسَابِ إِلَيْكَ وَاجْعَلْنِي مِمَّنْ

ফাইয়ুক্ররিবুনী- ইয়াউমাল্ জাযা-ই ওয়াল্ হিসা-বি ইলায়কা ওয়াজ্‘আলনী- মিম্মাই
ফলে তিনি আমাকে কিয়ামত ও হিসাব-নিকাশ দিবসে তোমার নিকটবর্তী করে দেবেন। আর আমাকে তাদের দলভুক্ত করে দাও যারা

يُحِبُّكَ وَرَسُولَكَ وَعِبَادَكَ الصَّالِحِينَ مِنَ السَّابِقِينَ السَّابِقِينَ

ইয়ুহিব্বুকা ওয়া রাসূ-লাকা ওয়া ইবা-দাকাস্ সোয়া-লিহী-না মিনাস্ সা-বিক্বী-নাস্ সা-বিক্বী-না
ভালোবাসে তোমাকে, তোমার প্রিয় রাসূলকে এবং তোমার পূণ্যবান বান্দাদেরকে, যারা কল্যাণ ও পূন্যকাজে সদাসর্বদা অগ্রগামী, অগ্র পথিক;

أُولَئِكَ الْمُقْرَبُونَ ۗ يَا جَلِيلُ الْمُتَكَبَّرِ عَلَىٰ كُلِّ شَيْءٍ

উ-লা-ইকাল্ মুক্ররাবু-ন। ইয়া- জালী-লুল্ মুতাকাবিবরু ‘আলা- কুল্লি শায়ইন্
তঁারাই হলেন তোমার প্রকৃত নৈকট্যধন্য। হে সুমহান ও সর্ববিষয়ে বড়ত্বের একমাত্র মালিক।

فَالْعَدْلُ أَمْرُهُ وَالصِّدْقُ وَعِدَّةٌ أَنْتَ الْجَلِيلُ الْمُتَكَبَّرِ فَوْقَ كُلِّ شَيْءٍ

ফাল্‘আদলু আমরুহু- ওয়াস্‌সিদ্বু ওয়া‘দুহু- আনতাল্ জালী-লুল্ মুতাকাবিবরু ফাওক্বা কুল্লি শায়ইও
অতএব, ন্যায় হলো তঁার নির্দেশ এবং সত্য হলো তঁার প্রতিশ্রুতি। তুমিই হলে একমাত্র মহত্ব ও সর্ববিষয়ে মহিমার মালিক,

وَكُلُّ أَحَدٍ ذَلِيلٌ مَّقْهُورٌ تَحْتَ قَهْرِكَ وَجَلَالِكَ وَإِنْ كَانَ بِحَيْثُ

ওয়া কুল্লু আহাদিন্ যালী-লুম্ মাক্বহু-রন্ তাহতা ক্বাহরিকা ওয়া জালা-লিকা ওয়া ইন্ কা-না বিহায়সু
আর অন্য সকলে হলো দুর্বল, তোমার প্রতাপ ও মহত্বের নিচে পরাভূত। যদিওবা তাদের মধ্যে এমন কেউ আছে

يَرْفَعُ الْأَرْضَ بِقُوَّتِهِ مَعَ مَا فِيهَا بِجَنَاحٍ وَاحِدٍ فَلَيْسَ لَهُ أَنْ يَتَكَبَّرَ

ইয়ারফা‘উল্ আরদ্বা বিক্বওয়াতিহী- মা‘আ মা- ফী-হা বিজানা-হিওঁ ওয়া-হিদিন্ ফালায়সা লাহু- আই ইয়াতাকাব্বারা
যে তার শক্তি বলে এ পৃথিবী এবং ভূ-স্থিত সকল কিছুকে একটি মাত্র ডানায় তুলে নিতে সক্ষম; কিন্তু এরপরও সে কোন প্রকার অহংকার প্রদর্শন করতে পারে না

حَتَّىٰ تَنْزِعَ قُوَّتَهُ وَالْمَلَائِكَةُ كُلُّهُمْ يُسَبِّحُونَ لَكَ تَسْبِيحًا مِّنْ

হাত্তা- তানযি‘আ ক্বওয়াতাহু- ওয়াল্ মালা-ইকাত্বু কুল্লুহুম্ ইয়ুসাবিবহু-না লাকা তাসবী-হাম্ মিন
এ ভয়ে যে, তুমি সাথে সাথে কেড়ে নেবে তার সকল শক্তিকে। আর সকল ফেরেশতা তোমার তাসবীহ্ পাঠ করছে তোমার মহত্বের কারণে,

كَبْرِيَاكَ فَهُمْ يَذُوبُونَ عِنْدَ جَلَالِكَ وَكَبْرِيَاكَ حَتَّىٰ اسْرَافِيلَ الْمُقْرَبِ

কিব্রিয়া-ইকা ফাহম্ ইয়ায়ু-বু-না ইন্দা জালা-লিকা ওয়া কিব্রিয়া-ইকা হাত্তা- ইসরা-ফী-লাল মুক্বাররাবা
অতঃপর তারা তোমার মহত্ত্ব ও বড়ত্বের সামনে নিজেদেরকে বিলীন করে দেয় এমনকি ইসরাফীলের মত নৈকট্যধন্য ফেরেশতাও,

وَلَا يَسْتَطِيعُ وَاحِدٌ مِّنْهُمْ أَنْ يَغْلِبَ وَاحِدًا وَلَا يَأْخُذَهُ جَبْرًا وَقَهْرًا

ওয়াল্লা- ইয়াস্তাত্বী-উ ওয়া-হিদুম্ মিন্হুম্ আঁই ইয়াগ্‌লিবা ওয়া-হিদাওঁ ওয়াল্লা- ইয়া'খুযাহু- জাবরাওঁ ওয়া ক্বাহরান্
আর তাদের মধ্যে কেউ অন্যের উপর কোন ধরনের আধিপত্য বিস্তার করতে পারে না এবং কাউকে পাকড়াও করতে পারেনা

إِلَّا بَعْدَ صَاحِحٍ وَإِلَّا لَمْ يَكُنِ الْوُجُودُ الْجُزْئِيُّ بَاقِيًا

ইল্লা- বি'আদলিন্ সোয়াহী-হিওঁ ওয়া ইল্লা- লাম্ ইয়াকুনিল্ ভুজু-দুল্ জুযইয়্য বা-ক্বিয়াওঁ
সঠিক ন্যায় বিচার ছাড়া জোর জবর করে অন্যায়ভাবে, যদি তাই হতো তাহলে আংশিক বস্তুগুলোর অবস্থান ও অস্তিত্বই বিদ্যমান থাকত না,

وَلَا حَاصِلًا يُوجِدُهُ أَمْرُكَ إِجَادَ عَدْلٍ لَا ظُلْمٍ وَعُدْكَ صِدْقٍ

ওয়াল্লা- হা-সিলাই ইয়ু-জিদুহু- আমরুকা ঈ-জা-দা 'আদলিল্ লা- যুল্মিন্ ওয়া'দুকা সিদ্কু
সবকিছুর সৃষ্টি হয় তোমার নির্দেশে যা হবে ন্যায়সম্মত ও জোর-জুলুম ব্যতিরেকে। তোমার প্রতিশ্রুতি পরিপূর্ণ সত্য,

وَالرَّحْمَانِيَّةُ وَالرَّحِيمِيَّةُ وَسَبْقَةُ الرَّحْمَةِ عَلَى الْغَضَبِ

ওয়ার্ রাহ্মা-নিয়্যাভু ওয়ার্ রাহী-মিয়্যাভু ওয়া সাব্‌ক্বাতুর্ রাহ্মাতি 'আলাল্ গাদ্বোয়া-বি
দয়াময়তা ও করুণা সম্মিলিত, আর তোমার রহমত সদা-সর্বদা অগ্রগামী হওয়া তোমার ক্রোধের উপর

وَإِعْطَاءِ الْجَزَاءِ الْحَسَنِ لِلْأَبْرَارِ فِي تِلْكَ الدَّارِ كَمَا قُلْتَ إِنَّ الْأَبْرَارَ لَفِي نَعِيمٍ ۝

ওয়া ই'ত্বোয়া-উল্ জাযা-ইল্ হাসানি লিল'আব্বরা-রি ফী- তিল্‌কাদ্ দা-রি কামা- কুল্তা ইল্লাল্ আব্বরা-রা লাফী- না'ঈ-ম ।
এবং পরকালে পুণ্যবানদেরকে উত্তম প্রতিদান দেয়া তোমারই নীতি; যেমনিভাবে তুমি বলেছ, "নিশ্চয় পুণ্যবানগণ নিম্নতপূর্ণ জান্নাতেই থাকবে।"

اللَّهُمَّ اجْعَلْ قَلْبِي مَظْهَرًا لِاسْمِ الْجَلِيلِ الْمُتَكَبَّرِ

আল্লা-হুম্মাজ্ 'আল্ ক্বাল্‌বী- মায্‌হারাল্ লিইস্মিল্ জালী-লিল্ মুতাকাবিবরি
হে আল্লাহ! আমার হৃদয়কে বানিয়ে দাও তোমার জলীল (মহামহিম) এবং মুতাকাবিবর (বড়ত্বের মালিক)-এ দুই বরকতময় নামের প্রকাশস্থল,

حَتَّى لَا يَلْتَفِتَ إِلَىٰ هَذِهِ الدُّنْيَةِ وَإِلَىٰ أَثَارِهَا فِيهَا بِالصِّدْقِ

হান্তা- লা- ইয়াল্‌তাফিতা ইলা- হা-যিহিদ্ দানিয়াতি ওয়া ইলা- আ-সা-রিহা ফী-হা বিস্‌দিঙ্কিল্ যাতে এটি এ হীন পৃথিবী এবং তার প্রভাব-প্রতিপত্তির প্রতি ভ্রক্ষেপ না করে, ওই সমষ্টিগত সততার কারণে,

الْكُلِّيِّ الْمُطَابِقِ لِكُلِّ جُزْئِي لِيَصْدُرَ مِنِّي عِبَادَتِكَ وَطَاعَتِكَ

কুল্লিয়িল্ মুত্বোয়া-বিক্ব লিকুল্লি জুয্‌ইয়িল্ লিইয়াস্‌দুরা মিন্নী- ইবা-দাতুকা ওয়া ত্বোয়া-আতুকা যা সকল প্রকার আংশিক সততাগুলোর অনুরূপ হবে। যার ফলে আমার পক্ষ থেকে প্রকাশ পায় তোমার ইবাদত ও তোমার আনুগত্য,

بِحَيْثُ لَا أُسْقِطُ مِنْهَا شَيْئًا لَّا كُونَ مَعَ الْخَلْقِ بِهَا قُطْعًا

বিহায়সু লা- উস্‌ক্বিতু মিন্‌হা- শায়আল্ লিআকু-না মা'আল্ খাল্‌ক্বি বিহা- ক্বাত্ব'আও যাতে আমি তার মধ্য থেকে কোনটাই বাদ না দিই, এ ইবাদতের মাধ্যমে যাতে আমি থাকতে পারি সৃষ্টির সাথে দৃঢ়তা,

وَصِدْقًا وَعَدْلًا وَبِالْقَلْبِ مَعَكَ مُشَاهِدًا حَاضِرًا

ওয়া সিদ্‌ক্বাও ওয়া 'আদলাও ওয়া বিল্‌ক্বাল্‌বি মা'আকা মুশা-হিদান্ হা-দ্বিরান্ সততা ও ন্যায়পরায়ণতার সাথে এবং আমার হৃদয় যেন থাকতে পারে তোমার সাথে তোমার পবিত্র দর্শন লাভ, তোমার পবিত্র দরবারে উপস্থিত

سَمِيعًا بُوعَدِكَ مُطِيعًا لِأَمْرِكَ بِتَوْفِيقِكَ لِذَلِكَ

সামী-আম্ বিওয়া'দিকা মুত্বী-আল্ লিআম্‌রিকা বিতাওফী-ক্বিকা লিয়া-লিকা। ও তোমার সাথে কৃত ওয়াদা পূরণকারী এবং তোমার নির্দেশের আনুগত্যকারী হিসেবে তোমারই পক্ষ থেকে এ সকল বিষয়ে তাওফীক্ব প্রদানের মাধ্যমে।

اللَّهُمَّ أَحِينَا مُسْتَمْسِكِينَ بِسُنَّتِهِ وَمَحَبَّتِهِ وَاجْعَلْنَا مِنْ أَحْيَارِ

আল্লা-হুম্মা আহ্‌য়িনা- মুস্তাম্‌সিকী-না বিসুন্নাতিহী- ওয়াজ্‌আল্‌না- মিন্‌ আখ্‌ইয়া-রি হে আল্লাহ! আমাদেরকে জীবিত রাখো তাঁর সুন্নতকে দৃঢ়ভাবে ধারণকারী এবং তাঁর ভালবাসায় অবিচল হিসেবে। আর আমাদেরকে করে দাও

أُمَّتِهِ وَأَسْتَرْنَا بِذَيْلِ حُرْمَتِهِ وَأَسْتَرْعِيوْنَا بِدَثَارِ دِينِهِ وَمِلَّتِهِ

উম্মাতিহী- ওয়াস্‌তুর্না- বিযায়লি হুর্‌মাতিহী- ওয়াস্‌তুর্‌উয়ু-বানা- বিদিসা-রি দী-নিহী- ওয়া মিল্লাতিহী- তাঁর উত্তম-উম্মতদের দলভুক্ত, আমাদেরকে আবৃত করে রাখো তাঁর মহা সম্মানের আঁচল দ্বারা, ঢেকে রাখো আমাদের দোষ-ত্রুটিগুলোকে তাঁর ঘাঁ ও মিল্লাতের চাদর দ্বারা,

وَأَعْرِفَهُ بِالتَّحْقِيقِ فِي كُلِّ مَوْطِنٍ وَطَرِيقٍ وَأَرَى سِرِّيَّانَ سِرِّهِ فِي الْأَكْوَانِ

ওয়া আ'রিফাহ্- বিভাহ্-ক্বী-ক্বী ফী- ক্বল্লি মাওত্বিনিওঁ ওয়া ত্বারী-ক্বীওঁ ওয়া আরা- সিরইয়া-না সিররিহী- ফিল্ আকওয়া-নি
এবং আমি যাতে সুনিশ্চিতভাবে তাঁকে চিনতে পারি সর্বস্থানে ও সর্বপথে, আর আমি যাতে দেখতে পারি তাঁর রহস্যের প্রবাহ সকল বিশেষে

وَمَعْنَاهُ الْمَشْرِقُ فِي مَجَالِيهِ الْحَسَانِ وَاجْعَلِ اللَّهُمَّ مَوْرِدِي

ওয়া মা'না-হুল্ মুশরিক্বা ফী- মাজা-লী-হিল্ হিসা-নি ওয়াজ্'আলিল্লা-হম্মা মাওরিদী-
এবং তার সমুজ্জ্বল মর্ম ও হাক্বীক্বতকে অতিসুন্দর ও নান্দনিক প্রকাশস্থলগুলোতে। আর করে দাও হে আল্লাহ! আমার অবতরণস্থলকে

مُنُورًا مِّنْ شَمْسِ حَقِيقَتِهِ وَمِنْ نُورِ بَدْرِ شَرِيعَتِهِ حَتَّى اسْتَضِيَّ

মুনাওয়ারাম্ মিন্ শাম্‌সি হাক্বী-ক্বাতিহী- ওয়া মিন্ নূ-রি বাদরি শারী- 'আতিহী- হান্না- আস্তাদ্বী-আ
আলোকময় তাঁর হাক্বীক্বতের সূর্যালোক দ্বারা ও তাঁর শরীয়তের পূর্ণিমা চন্দ্রের আলোকরাশি দ্বারা, যাতে আমি আলো পেতে পারি

فِي لَيْلِ جَهْلِيْ بِأَنْوَارِ حَقَائِقِ مَعَارِفِهِ وَأَنْسِنِي فِي غُرْبَةِ

ফী- লায়লি জাহলী- বিআন্ওয়া-রি হাক্বা-ইক্বি মা'আ-রিফিহী- ওয়া আ-নিস্নী- ফী- গুর্বাতি
আমার মূর্খতার অন্ধকার রাতেও তাঁর মা'রিফাতের হাক্বীক্বতসমূহের আলোকরাশি দ্বারা। অনুরূপ আমাকে সহায়তা ও সঙ্গ দান করো

مَسْرَايَ بَيْنَا سِ لَطَائِفِهِ وَاحْمِلْنِي إِلَى حَضْرَتِهِ الْأَقْدَسِيَّةِ الْأَحْمَدِيَّةِ

মাস্রায়া বিঈ-না-সি লাভ্বায়া-ইফিহী- ওয়াহ্মিলনী- ইলা- হাদ্বরাতিহিল্ আক্বদাসিয়্যাতিন্ আহ্মাদিয়্যাতি
আমার সফরের একাকীত্বে তাঁর স্নেহময়ী সঙ্গ ও প্রফুল্লতা দ্বারা আর আমাকে নিয়ে যাও তাঁর আহমদী পবিত্র দরবারের দিকে

عَلَى كَاهِلِ الشَّرِيعَةِ الْمُحَمَّدِيَّةِ وَعَمِّرْ أَطْوَارَ نَقْصِي بِأَطْوَارِهِ

'আলা- কা-হিলিশ্ শারী- 'আতিল্ মুহাম্মাদিয়্যাতি ওয়া 'আম্মির্ আত্বওয়া-রা নাক্বসী- বিআত্বওয়া-রিহী-
শরীয়তে মুহাম্মদীর কাঁধের উপর ভর করে এবং আবাদ ও আলোকিত করে দাও আমার অপূর্ণতার বিভিন্ন স্তরগুলোকে তাঁর পূর্ণতার স্তরসমূহ দ্বারা।

وَالْبِسْنِي مِنْ خَلْعِ جَلَالِهِ وَجَمَالِهِ وَأَفْرِدْنِي فِي حُبِّهِ كَمَا

ওয়া আলবিস্নী- মিন্ খিলা'ই জালা-লিহী- ওয়া জামা-লিহী- ওয়া আফরিদনী- ফী- হুব্বিহী- কামা-
আমাকে পরিধান করাও তাঁর মহত্ত্ব ও নান্দনিকতার পোষাক, তাঁর ভালবাসায় আমাকে অনন্য করে দাও যেমনিভাবে

أَفْرَدْتَهُ فِي حُسْنِهِ وَإِحْسَانِهِ وَخَصَّصْتَنِي بِخَصَائِصِ قُرْبِهِ وَامْتِنَانِهِ

আফরাত্তাহু- ফী- হুস্নিহী- ওয়া ইহসা-নিহী- ওয়া খাস্‌সিনী- বিখাসোয়া-ইসি কুরবিহী- ওয়ামতিনা-নিহী-
তুমি তাঁকে তাঁর সৌন্দর্য ও অনুগ্রহে অনন্য করেছ, আমাকে বিশেষিত করে তঁার নৈকট্য ও অনুগ্রহের বিশেষণ দ্বারা,

حَتَّى أَكُونَ بِهِ وَارِثًا لَدَيْهِ وَنَاظِرًا إِلَيْهِ وَجَامِعًا عَلَيْهِ وَاحْشِرُنَا

হাত্তা- আকু-না বিহী- ওয়া-রিসাল্লাদায়-হি ওয়া না-যিরান্ ইলায়হি ওয়া জা-মি'আন্ 'আলায়হি ওয়াহ্‌শুরনা-
যাতে আমি তাঁর নিকট তাঁর সত্যিকার ওয়ারিশ হিসেবে গণ্য হতে পারি এবং তাঁর দিদার লাতে ধন্য হতে পারি ও তাঁর সাথে মিলিত হতে পারি।

يَا رَبَّنَا فِي زُمْرَةِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَاجْرُنَا يَا رَبَّنَا مِنْ عَذَابِ الْقَبْرِ

ইয়া- রাব্বানা- ফী- যুমরাতি সাইয়্যিদিনা- মুহাম্মাদিও ওয়া আজিরনা- ইয়া- রাব্বানা- মিন্ 'আযা-বিল্ ক্বাবরি
আর হে আমাদের রব! আমাদেরকে সমবেত করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার দলে। হে আমাদের রব, আমাদেরকে রক্ষা করো কবরের আযাব থেকে

وَالْأَهْوَالِ يَوْمَ الْقِيَمَةِ بَرَكَاتِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَأَدْخِلْنَا وَوَالِدَيْنَا الْجَنَّةَ

ওয়াল্ আহওয়াল-লি ইয়াউমাল্ কিয়ামাতিল্ বিবারাকা-তি সাইয়্যিদিনা- মুহাম্মাদিও ওয়া আদখিলনা- ওয়া ওয়া-লিদায়না-ল্ জান্নাতা
এবং কিয়ামত দিবসের ভয়াবহতা থেকে আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার বরকতসমূহ দ্বারা, আর জান্নাতে প্রবেশ করাও আমাদেরকে এবং আমাদের পিতা-মাতাকে

بِشَفَاعَةِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَارْزُقْنَا النَّظَرَ إِلَى وَجْهِكَ الْكَرِيمِ

বিশাফা- 'আতি সাইয়্যিদিনা- মুহাম্মাদিও ওয়ারযুক্বনান্ নাযরা ইলা- ওয়াজ্‌হিকাল্ কারী-মি
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার শাফা'আত দ্বারা, আমাদেরকে তোমার পরম সম্মানিত কুদরতের চেহারা মুবারকের দর্শন দ্বারা ধন্য করো

بِحَاهِ سَيِّدِنَا مُحَمَّدٍ أَسْأَلُكَ بِهِ وَبِالْأَوْصَافِ الْأَوَّلِ

বিজা-হি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন্ আস্‌আলুকা বিহী- ওয়া বিল্ আওসোয়া-ফিল্ উভালি
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার সম্মান ও মর্যাদার ওসীলায়। আমি তোমার নিকট প্রার্থনা করছি তাঁর ওসীলায় এবং পূর্বোল্লিখিত তাঁর বরকতময় গুণাবলীর ওসীলায়,

وَأَتَوَسَّلُ بِهِ إِلَيْكَ أَنْتَ الْمُجِيبُ لِمَنْ سَأَلَ يَا رَبَّنَا

ওয়া আতাওয়াস্‌সালু বিহী- ইলায়কা আন্‌তাল্ মুজী-বু লিমান্ সাআলা ইয়া- রাব্বানা-
আর আমি তাঁকে তোমার শাহী দরবারের ওসীলা হিসেবে পেশ করছি, কেননা তুমিই হলে একমাত্র প্রার্থনাকারীর প্রার্থনা কবুলকারী, হে আমাদের রব!

أَنْ تُصَلِّيَ وَتُسَلِّمَ عَلَيْهِ صَلَوةً تَلِيْقُ بِذَاتِكَ وَبِذَاتِهِ الْمُحَمَّدِيَّةِ

আন্ তুসোয়াল্লিয়া- ওয়া তুসাল্লিমা 'আলায়হি সোয়ালা-তান্ তালী-কু বিয়া-তিকা ওয়া বিয়া-তিহিল্ মুহাম্মাদিয়্যাহ্ ।
তুমি যেন তাঁর প্রতি এমন দুরুদ ও সালাম প্রেরণ করো যা হবে তোমার মহান যাতে পাক এবং তাঁর প্রশংসিত গুণাবলীর জন্য যথোপযুক্ত ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ! দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي شَرَّفَ بِهِ اللَّهُ ذِكْرَهُ وَنَسَبَهُ

মুহাম্মাদিনি ল্লাম্বী- শার্-রাফা বিহিল্লা-হু যিক্-রাহ্- ওয়া নাসাবাহ্ ।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর বদৌলতে আল্লাহ তা'আলা অভিজাত্যপূর্ণ করেছেন তাঁর স্মরণ ও বংশীয় ঐতিহ্যকে ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ! দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ عَيْنِ أَعْيَانِ أَهْلِ الْأَرْضِ وَغُرَّةِ آفَاقِ الْكُلِّ وَالْبَعْضِ

মুহাম্মাদিনি 'আয়নি আ'ইয়া-নি আহ্লিল্ আর্দি ওয়া গুর্-রাতি আ-ফা-ক্বিল্ কুল্লি ওয়াল বা'দ্ব ।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি যমীনবাসীর স্তম্ভগুলোর মূল ও চক্ষুরূপ এবং মর্যাদাবান ও বিশেষ ব্যক্তিবর্গের গণণের প্রভা ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ! দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الْمُرْجَى لِدَفْعِ الشَّدَائِدِ وَالْمُؤَمَّلِ لِنَيْلِ الْفَوَائِدِ

মুর্-জা- লিদাফ্ 'ইশ্ শাদা-ইদি ওয়াল্ মুআম্মালি লিনায়লিল্ ফাওয়াইদ ।
যিনি বিপদাপদ প্রতিহত করার জন্য একমাত্র প্রত্যাশিত এবং উপকারিতা ও সুবিধাবাদি অর্জনের জন্য একমাত্র আশার স্থল ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনিল
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الْمُنْجِي لِمَنْ جَنَى وَيَكْسُو الْوَرَى حُلَّةَ الثَّنَا

মুন্-জী- লিমান্ জানা- ওয়া ইয়াক্সুল্ ওয়ারা- হুল্লাতাস্ সানা-।
যিনি অপরাধীদের অপরাধ থেকে মুক্তি দাতা এবং সৃষ্টিকে ধ্বংসের জামা পরিধান করান।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিম্
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ بَدِيعِ الصِّفَاتِ وَمُنْتَهَى الْأَمَالِ وَالرَّغْبَاتِ

বাদী- 'ইস্ সিফা-তি ওয়া মুন্-তাহাল্ আ-মালি ওয়ার্-রাগ্বা-ত।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি বিরল গুণাবলীর অধিকারী এবং চাহিদাবলী ও প্রত্যাশাসমূহের সর্বশেষ লক্ষ্যস্থল।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনিল
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الْآمِينَ عَلَى الْغَيْبِ وَالْبُرِيِّ مِنَ الشَّكِّ وَالرَّيْبِ

আমী-নি 'আলাল্ গায়বি ওয়াল্ বারিয়্যি মিনাশ্ শাক্কি ওয়ার্-রায়-ব।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি গায়ব বা অদৃশ্য বিষয়াদির উপর আমানতদার এবং সকল প্রকার দ্বিধা ও সন্দেহ থেকে মুক্ত।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ مِّصْبَاحِ ضِيَاءِ الْفُؤَادِ وَمُفْرَجِ كُرْبِ يَوْمِ الْمَعَادِ

মুহাম্মাদিম্ মিস্বা-হি দ্বিয়া-ইল্ ফুআ-দি ওয়া মুফাররিজি কুরাবি ইয়াউমিল্ মা'আ-দি
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি হৃদয়ের আলোর প্রদীপ এবং ক্বিয়ামত দিবসের মুসীবতসমূহকে দূরীভূতকারী

وَكَانَ يَحْكُمُ بِالسُّوِيَّةِ وَيَعْدِلُ فِي الْقَضِيَّةِ

ওয়া কা-না ইয়াহকুম্ বিস্ সাভিয়্যাতি ওয়া ইয়া'দিলু ফিল্ ক্বাদ্বিয়্যাহ্-।
আর তিনি সাম্যের নির্দেশ দেন এবং বিচারিক কাজে ন্যায়পরায়ণতাকে প্রাধান্য দেন।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম্ 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي كَانَتْ أَخْلَاقُهُ مَرْضِيَّةً وَأَكْنَافُهُ وَطِيَّةً وَأَحْوَالُهُ مَرْضِيَّةً

ল্লাযী- কা-নাত্ আখ্লা-ক্বুহু- মার্দ্বিয়্যাতাওঁ ওয়া আক্বনা-ফুহু- ওয়াত্বিয়্যাতাওঁ ওয়া আহুওয়া-লুহু- মার্দ্বিয়্যাহ্।
যার চরিত্র ছিল পছন্দনীয়, স্বভাব ছিল নম্র এবং অবস্থাদি ছিল সন্তোষজনক।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম্ 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

خُلَاصَةَ عِبَادِكَ وَمَظْهَرَ مُرَادِكَ وَسَلَالَةَ أَنْبِيَائِكَ وَخَاصَّةَ أَصْفِيَائِكَ

খুলা-সাতি 'ইবা-দিকা ওয়া মায্হারি মুরা-দিকা ওয়া সুলা-লাতি আয্বিয়া-ইকা ওয়া খা-সাস্ সাতি আস্ফিয়া-ইক।
যিনি তোমার বিশেষ বান্দাদের মূল ও সারাংশ, তোমার উদ্দেশ্যের প্রকাশস্থল, তোমার নবীগণের বংশীয় ধারার গৌরব এবং তোমার চয়নকৃত বান্দাদের মধ্যে অন্যতম ও বিশেষ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম্ 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ صَفْوَةٍ اتَّقِيَاكَ وَكَرَامَةٍ أَوْلِيَاكَ

মুহাম্মাদিন্ সাফ্ ওয়াতি আত্কিয়া-ইকা ওয়া কারা-মাতি আউলিয়া-ইকা
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি তোমার তাকুওয়াবান বান্দাদের মধ্য থেকে চয়নকৃত, তোমার ওলীগণের জন্য সম্মানের প্রতীক

وَعَرُوسٍ مَمْلُوكَتِكَ وَتَرْجُمَانِ أَحَدِيَّتِكَ

ওয়া 'আরা-সি মামলাকাতিকা ওয়া তার্ জুমা-নি আহাদিয়্যাতিক।
এবং তোমার মহারাজ্যের দুলহা ও তোমার আহাদিয়াত (এককত্ব)-এর তরজুমান।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিল্
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

لِسَانَ حُجَّتِكَ وَسَيْفِ عِزَّتِكَ وَبُرْهَانَ آيَاتِكَ وَدَلَالَةَ كَرَامَاتِكَ

লিসা-নি হুজ্জাতিকা ওয়া সাযফি 'ইয্যাতিকা ওয়া বুরহা-নি আ-য়া-তিকা ওয়া দালা-লাতি কারা-মা-তিক।
যিনি তোমার অকাটা প্রমাণের ভাষা বা রসনা, তোমার সম্মানের তরবারি এবং তোমার নিদর্শনাদির অকাটা দলীল ও তোমার মর্বাদির প্রমাণ বা দলীল।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন্
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

عَيْنِ رَحْمَتِكَ وَشُكْرِ نِعْمَتِكَ وَعُنْوَانِ مَمْلُوكَتِكَ وَسِرِّ اسْرَارِكَ

'আয়নি রাহ্মাতিকা ওয়া শুক্রি নি'মাতিকা ওয়া 'উন্ওয়া-নি মামলাকাতিকা ওয়া সির্রি আসরা-রিক।
যিনি তোমার রহমতের মূল, তোমার নি'মাতের কৃতজ্ঞতা এবং তোমার মহারাজ্যের ঠিকানা ও তোমার রহস্যাদির রহস্য।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিম্
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

مَنْهَجَ طَرِيقَتِكَ وَيُؤْمِنُ تَوْفِيقَكَ وَكَنَزِ أَمَانِكَ وَعَدْلِ سُلْطَانِكَ

মানহাজি ত্বারী-ক্বাতিকা ওয়া ইয়ুমনি তাওফী-ক্বিকা ওয়া কানযি আমা-নিকা ওয়া 'আদলি সুলত্বায়া-নিক।
যিনি তোমার তরীক্বতের মহাসড়ক, তোমার তাওফীক্বের নিরাপত্তা ও বরকত এবং তোমার নিরাপত্তার ভান্ডার ও তোমার বাদশাহীর ন্যায়ের প্রতীক।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন্
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

دَلِيلِ سَبِيلِكَ وَمِنْحَةِ تَنْوِيلِكَ وَجُودِ نِعْمَائِكَ وَمَنْهَلِ عَطَائِكَ

দালী-লি সাবী-লিকা ওয়া মিন্হাতি তান্বী-লিকা ওয়াজু-দি না'মা-ইকা ওয়া মান্হালি 'আত্বায়া-ইক।
যিনি তোমার পথের পথপ্রদর্শক এবং তোমার দান-দক্ষিণার উপহার ও তোমার বদান্যতার অবতরণস্থল।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিম্
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

مَحَلِّ ذِكْرِكَ وَمَزِيدِ شُكْرِكَ وَمَحْضِ عِنَايَتِكَ وَمَقَرِّ وَحْيِكَ وَرِسَالَتِكَ

মাহাল্লি যিক্রিকা ওয়া মাযী-দি শুক্করিকা ওয়া মাহ্দি 'ইনা-ইয়াতিকা ওয়া মাক্বাররি ওয়াহ্য়িকা ওয়া রিসা-লাতিক।
যিনি তোমার যিকরের মহল, তোমার শোকরের সর্বাধিক প্রকাশস্থল, তোমার অনুগ্রহের মূল বা বাস্তব প্রতীক এবং তোমার ওহী ও রিসালতের কেন্দ্রীয় কার্যালয়।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিম্
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

مُظْهِرِ بَرَكَاتِكَ وَمَوْطِنِ خَيْرَاتِكَ وَجَزِيلِ إِحْسَانِكَ وَكَفَايَةِ امْتِنَانِكَ

মায্হারি বারাকা-তিকা ওয়া মাওত্বিনি খায়রা-তিকা ওয়া জাযী-লি ইহসা-নিকা ওয়া কিফা-য়াতি ইম্তিনা-নিক।
যিনি তোমার বরকতসমূহের প্রকাশকস্থল, তোমার কল্যাণাদির আবাসস্থল এবং তোমার অনুগ্রহ প্রকাশের মহান হক্বদার ও তোমার অনুগ্রহরাজির যথার্থ স্বীকৃতি প্রদানকারী।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন্
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

حِمَايَةِ دِينِكَ وَسِرِّ تَكْوِينِكَ وَمِصْبَاحِ شَرِيعَتِكَ وَمِفْتَاحِ خَلْقَتِكَ

হিমা-য়াতি দী-নিকা ওয়া সিররি তাক্বী-নিকা ওয়া মিস্বা-হি শারী-'আতিকা ওয়া মিফতা-হি খালী-ক্বাতিক।
যিনি তোমার দ্বীনের সংরক্ষণকারী, তোমার সৃষ্টির রহস্য এবং তোমার শরীয়তের প্রদীপ ও তোমার সৃষ্টির পটভূমির মূল চাবিকাঠি।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ مَنبَعِ الْعِلْمِ وَمَجْمَعِ الْحِلْمِ وَمَرْيَةِ الْكَرَمِ وَزُهْرَةِ الظُّلَمِ

মুহাম্মাদিম মাখা'ইল্ 'ইল্মি ওয়া মাজ্মা'ইল্ হিল্মি ওয়া মাযিয়্যাতিল্ কারামি ওয়া যুহরাতিয্ যুলাম।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি ইলমের উৎসস্থল ও সহনশীলতার কেন্দ্র এবং অনুগ্রহের বৈশিষ্ট্য ও অন্ধকারের শুকতারা।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন্
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

نَبْعَةِ الإصْطَفَاءِ وَيَنْبُوعِ الإِحْتِفَاءِ وَمِسْكَةِ الْخِتَامِ وَعَرُوسِ دَارِ السَّلَامِ

নাব'আতিল্ ইস্তিফা-ই ওয়া ইয়াম্বু-ইল্ ইহতিফা-ই ওয়া মিস্কাতিল্ খিতা-মি ওয়া 'আরু-সি দা-রিস্ সালা-ম।
যিনি চয়নকৃতদের উৎসস্থল ও আনন্দের ঝর্ণা প্রবাহ এবং সমাপ্তির কস্তুরী ও শান্তি নিকেতনের দুলাহা।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ قُطْبِ دَائِرَةِ الصُّعُودِ وَكَوْكَبِ هَالَةِ السُّعُودِ

মুহাম্মাদিন্ কুত্বি দা-ইরাতিস্ সু'উ-দি ওয়া কাওকাবি হা-লাতিস্ সু'উ-দ।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি উর্ধ্বগমন কেন্দ্রের মূল বিন্দু এবং সৌভাগ্যের প্রকাশগণের নক্ষত্র।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন্
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

شَمْسِ أَفْقِ الْعِبَادِ وَنُقْطَةِ الْبَدْوِ وَسِرِّ الْمَعَادِ وَمَشْرِقِ الْأَنْوَارِ وَمَغْرِبِ الْأَسْرَارِ

শামসি উফুক্বিল ইবা-দি ওয়া নুক্বাতিল্ বাদ্ভি ওয়া সির্রিল্ মা'আ-দি ওয়া মাশরিক্বিল্ আনওয়া-রি ওয়া মাগরিবিল্ আসরা-র।
যিনি বান্দাদের আকাশের সূর্য ও প্রারম্ভের কেন্দ্রবিন্দু, কিয়ামতের গোপনরহস্য এবং নুররাশির উদয়স্থল ও রহস্যাদির অন্তস্থল।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدِ بْنِ الْبَدْرِ الْمُصَوِّرِ وَالْهَيْلِ الْمُنَوَّرِ

মুহাম্মাদিনিল্ বাদ্রিল্ মুসোয়াভ্ভিরি ওয়াল্ হিলা-লিল্ মুনাওভির।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি পূর্ণিমাচন্দ্রের আকৃতিধারী এবং নবচন্দ্রের আলোকদাতা।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন্
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

أَعْلَمَ مَنْ قَامَ بِالْقَضَاءِ وَأَكْرَمَ مَنْ خُصَّ بِالسُّؤَالِ وَالرِّضَا

আ'লামি মান্ ক্বা-মা বিল্ ক্বাদ্বোয়া-ই ওয়া আক্রামি মান্ খুস্সা বিস্সুওয়া-লি ওয়ার্ রিহোয়া-।
যিনি সকল বিচারকের মধ্যে সর্বাধিক জ্ঞানী এবং তাঁদের মধ্যেও সর্বসম্মানিত; যাঁদেরকে বিশেষত্ব দান করা হয়েছে প্রার্থনা ও রেযামন্দীর জন্য।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন্
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

أَحْسَنَ مَنْ ضَحِكَ فِي الْوَرَى وَتَبَسَّمَ وَأَجْزَلَ مَنْ نَالَ النَّوَالَ وَتَكْرَمَ

আহুসানি মান্ হোয়াহিকা ফিল্ ওয়ারা- ওয়া তাব্বাসামা ওয়া আজ্জালি মান্ না-লান্নাওয়া-লা ওয়া তাকাররাম।
যিনি সৃষ্টির মধ্যে সর্বাধিক সুন্দর হাসি ও মৃদুহাসিধারী এবং তাদের মধ্যে সর্বশ্রেষ্ঠ, যারা দান-দক্ষিণা ও সম্মান পেয়েছে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন্
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

أَمْلَحَ مَنْ نَظَرَتْ إِلَيْهِ الْعُيُونُ وَأَوَّلَ مَنْ حُقِّقَتْ لَدَيْهِ الظُّنُونُ

আম্লাহি মান্ নাযোয়ারাত্ ইলায়হিল 'উযু-নু ওয়া আউয়ালি মান্ হুক্বুক্বাত লাডায়হিয্ যু-ন।
যিনি সৃষ্টির মধ্যে এ পর্যন্ত যাদের প্রতি দৃষ্টিপাত করা হয়েছে তাদের মধ্যে সর্বাধিক লাভণ্যময় চেহারার অধিকারী এবং যাদের ধারণা সত্য প্রমাণিত হয়েছে তাদের মধ্যেও তিনি সর্বশ্রেষ্ঠ ও সর্বপ্রথম।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন্
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

أَفْضَلَ مَنْ نَطَقَ بِذِكْرِهِ النَّاطِقُ وَأَجَلَ مَنْ خَلَقَهُ فِي الْوُجُودِ الْخَالِقُ

আফুদ্বোয়ালি মান্ নাভ্বাক্বা বিযিক্বরিহিন্ না-ত্বিক্বু ওয়া আজাল্লি মান্ খালাক্বাহু- ফিল্ ভুজু-দিল্ খা-লিক্ব।
যিনি তাদের মধ্যে সর্বশ্রেষ্ঠ, যারা মহান আল্লাহর যিক্বর করেছে এবং মহান আল্লাহ্ যাদেরকে সৃষ্টি করেছেন তাদের মধ্যেও তিনি সর্বাধিক সম্মানিত ও মর্যাদাবান।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ أَجَلٍ مِّنْ أَصْفَى إِلَيْهِ وَأَجُودٍ مِّنْ جَادٍ

মুহাম্মাদিন্ আজালি, মান্ আসগা- ইলায়হি ওয়া আজ ওয়াদি মান্ জা-দা
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি তাদের মধ্যে সর্বাধিক সম্মানিত যাদের প্রতি মানুষ কর্ণপাত করেছে, তাদের মধ্যে সর্বাধিক দানশীল যারা

بِأَيْدِيهِ وَأَجْمَلٍ مِّنْ تَجَمَّلَ وَأَطْوَلَ مِّنْ تَطَوَّلَ

বিআয়া-দী-হি ওয়া আজমালি মান্ তাজাম্মালা ওয়া আত্বওয়ালি মান্ তাত্বাওয়াল।
বদান্যতায় প্রসিদ্ধি লাভ করেছে, তাদের মধ্যে সর্বাধিক সুন্দর, যারা সৌন্দর্যে বিশেষিত হয়েছে এবং তাদের মধ্যে সর্বাধিক ক্ষমতাধর যারা ক্ষমতায় অটল ও অবিকল।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন্
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

أَوْجِهَ مَنْ تَوَجَّهَ فِي الْوَرَىٰ وَخَيْرٍ مِّنْ تُكَلِّفُ بِأَعْبَاءِ الْوَحَىٰ بِلَا أَمْتِرَاءِ

আওজাহি মান্ তাওয়াজ্জাহা ফিল্ ওয়ারা- ওয়া খায়রি মান্ তুকুল্লিফা বিআ'বা-ইন্ ওয়াহুয়ি বিলাম্তির-ইন্।
যিনি তাদের মধ্যে সর্বাধিক সম্মানিত যারা সৃষ্টির মধ্যে সম্মানিত হয়েছেন এবং যারা ওহীর দায়িত্বভার পালন করেছেন তাদের মধ্যে নিঃসন্দেহে তিনি সর্বোত্তম।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ ۚ الَّذِي عِزُّهُ سَامِيٌّ وَحُرْمَةُ حَامِيٌّ وَسُمُوهُ

মুহাম্মাদিনি ল্লাযী- 'ইয্ যুহু- সা-মী- ওয়া হুরমুহু- হা-মী- ওয়া সুমুহু-
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর মর্যাদা চির সর্বোন্নত, যাঁর সম্মান সর্বদা সংরক্ষিত,

رَاقِيٌّ وَجَلَالُهُ كَافِيٌّ وَفَضْلُهُ شَامِلٌ وَحُسْنُهُ كَامِلٌ

রা-ক্বী- ওয়া জালা-লুহু- কা-ফী- ওয়া ফাদ্বলুহু- শা-মিলু ওয়া হস্নুহু- কা-মিল।
যাঁর পদ মর্যাদা চির উন্নত, যাঁর মহত্ব চির মহিয়ান, যাঁর ফযীলত সর্বব্যাপী এবং যাঁর সৌন্দর্য পরিপূর্ণ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ نِ الْذِي حُسَامُهُ قَاطِعٌ وَ نُوْرُهُ سَاطِعٌ

মুহাম্মাদিনি ল্লাম্বী- হুসা-মুহ- ক্বা-তি 'উ' ওয়া নু-রুহু- সা-তি'।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর তরবারি চিরশানিত এবং যাঁর নুর সদা উদ্ভাসিত।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ نِ الْذِي مَظَاهِرُهُ تَعْلُقُ وَ ذِكْرُهُ فِي الْمَسَامِعِ تَجْلُو

মুহাম্মাদিনি ল্লাম্বী- মাযোয়া-হিরুহু- তা'লুকু ওয়া যিক্‌রুহু- ফিল্‌ মাসা-মি'ই তা'জলু-।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর বহিঃদৃশ্য অতি চিত্তাকর্ষক এবং যাঁর স্মরণ সকল কর্ণকে আলোকিত করে দেয়।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ نِ الْذِي خَصَائِصُهُ فَرِيْدَةٌ وَ مَنَائِحُهُ مَدِيْدَةٌ

মুহাম্মাদিনি ল্লাম্বী- খাসোয়া-ইসুহু- ফারী-দাতু ওয়া মানাইহুহু- মাদী-দাহ।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর বৈশিষ্ট্যাবলী অনন্য ও বিরল এবং যাঁর দান-দক্ষিণা সর্বাধিক প্রসারিত।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدِ الَّذِي شَمَّائِلُهُ مَحْمُودَةٌ وَجُدُودُهُ

মুহাম্মাদিনি ল্লামী- শামা-ইলুহু- মাহমু-দাতু ওয়া জুদু-দুহু-
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর আদর্শ সর্বজন প্রশংসিত, যাঁর মর্যাদা পূর্ণতার সর্বোচ্চ

مَحْدُودَةٌ وَحَالَاتُهُ زَكِيَّةٌ وَحَوَائِجُهُ مَقْضِيَّةٌ

মাহদু-দাতু ওয়া হা-লা-তুহু- যাকিয়্যাতু ওয়া হাওয়া-ইজুহু- মাকু-দ্বিয়্যাহু।
শিখরে উন্নীত, যাঁর অবস্থাদি সদা পূত:পবিত্র এবং যাঁর চাহিদা বা প্রার্থনা সর্বদা পূরণীয়।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিও ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي جَاهُهُ غَرِيْزٌ وَجَنَابُهُ جَرِيْزٌ وَجَوَارُهُ مَنِيْعٌ وَمَقَامُهُ رَفِيْعٌ

ল্লাযী- জা-হুহু- গারী-যু ওয়া জানা-বুহু- জারী-যু ওয়া জাওয়া-রুহু- মানী-উ ওয়া মাক্বা-মুহু- রাফী-উন।
যাঁর মর্যাদা সর্বাধিক, যাঁর দরবার অতি প্রশস্ত, যাঁর আশয় সর্বাধিক নিরাপদ এবং যাঁর মক্বাম সদা উন্নত।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিও ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي كَنَفَهُ كَافِيٌّ وَعَطَاءُهُ وَافِيٌّ وَفَخْرُهُ بَاهِرٌ وَشَرْفُهُ ظَاهِرٌ

ল্লাযী- কানাফুহু- কা-ফী- ওয়া 'আত্বোয়া-উহু- ওয়া-ফী- ওয়া ফাখরুহু- বা-হিৰু ওয়া শারাকুহু- যোয়া-হির।
যাঁর রহমতের দরবার সবার জন্য যথেষ্ট, যাঁর দান-দক্ষিণা পর্যাপ্ত, যাঁর গৌরব সর্বজন প্রশিদ্ধ এবং যাঁর মক্বাম সদা উন্নত।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিও ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي مَجْلِسُهُ مَحْضُورٌ وَأَعْلَامُهُ مَنْشُورَةٌ

ল্লাযী- মাজ্‌লিসুহ্- মাহ্‌দু-রাদ্‌ ও ওয়া আ'লা-মুহ্- মান্‌শু-রাহ ।
যাঁর মজলিস সর্বদা লোকে লোকারণ্য এবং যাঁর পতাকা সদা উড্ডীয়মান ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

ذَاتُهُ مَلْحُوظَةٌ وَنَفْسُهُ مَحْفُوظَةٌ وَطَهَّرَ اللَّهُ جِسْمَهُ وَشَرَّفَ اسْمَهُ

যা-তুহু- মাল্‌হু-যোয়াতুঁ ওয়া নাফ্‌সুহু- মাহ্‌ফু-যোয়াতুঁ ওয়া ত্বোয়াহ্‌হারান্না-হু জিস্‌মাহু- ওয়া শার্‌রাফা ইস্‌মাহু ।
যাঁর যাত মুবারক লক্ষণীয়, যাঁর নাফ্‌স মুবারক নিয়ন্ত্রিত ও সংরক্ষিত এবং আল্লাহ তা'আলা পবিত্রতা দান করেছেন তাঁর দেহ মুবারককে ও অতিজাত করেছেন তাঁর নাম মুবারককে ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ن

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনিস্
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

السَّيِّدِ الْكَامِلِ وَالْقَسِيمِ الشَّامِلِ وَطَاهِرِ الطَّاهِرِينَ وَطَيِّبِ الطَّيِّبِينَ

সায়্যিদিল্‌ কা-মিলি ওয়াল্‌ ক্বাসী-মিশ্‌ শা-মিলি ওয়া ত্বোয়া-হিরিত্ত্ব ত্বোয়া-হিরী-না ওয়া ত্বায়্যিবিভ্ব ত্বাইয়্যিবী-ন ।
যিনি পূর্ণতার সর্বোচ্চ আসনে সমাসীন আক্বা ও মুনিব, যিনি ব্যাপকভাবে নিমাত বস্তুকারী মুনিব এবং যিনি সকল পবিত্রের চেয়েও পবিত্র ও সকল প্রকার দোষ-ক্রটিমুক্ত ব্যক্তিবর্গের মধ্যেও সর্বশ্রেষ্ঠ ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন্
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

رَحْبِ الْجَنَابِ وَالِدَاعِي إِلَى إِرَادَةِ رَبِّ الْأَرْبَابِ

রাহ্‌বিল্‌ জানা-বি ওয়াদ্দা-ঈ- ইলা- ইরা-দাতি রাবিবল্‌ আর্‌বা-ব ।
যাঁর দরবার সদা প্রস্তুত এবং যিনি প্রতিপালকদের প্রতিপালকের ইচ্ছার সর্বদা আহ্বানকারী ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি
হে আল্লাহ! দূরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

سَيِّدِنَا مُحَمَّدٍ أَكْرَمَ مَوْلُودِ حَوَى شَرَفًا وَفَضْلًا

সাইয়্যিদিনা- মুহাম্মাদিন্ আক্রামি মাওলু-দিন্ হাওয়া- শারাগাওঁ ওয়া ফাছলাওঁ
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি তাদের মধ্যে সর্বাধিক সম্মানিত নবজাতক, যারা অভিজাত্য ও মর্যাদায়

وَمَلَأَ اللَّهُ بِهِ الْوُجُودَ قِسْطًا وَعَدْلًا

ওয়া মালাআল্লা-হ বিহিল্ ভুজু-দা কি'স্-তাওঁ ওয়া 'আদ্-লা-।
সারা পৃথিবীকে বেটন করে রেখেছে এবং যাঁর শুভাগমনের মাধ্যমে আল্লাহ তা'আলা এ পৃথিবীকে ভরপুর করে দিয়েছেন ন্যায় ও ইনসাফে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি
হে আল্লাহ! দূরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي كَانَ يَصْفَحُ

সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাম্বী- কা-না ইয়াস্-ফাছ
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি ক্ষমা করে দিতেন তাদেরকে যারা তাঁর প্রতি অন্যায়

عَمَّنُ أَسَاءَ إِلَيْهِ وَحَمَلَهُ جُبْرًا يُبَلِّغُ بِيَدَيْهِ

'আম্মান্ আসা-আ ইলায়হি ওয়া হামালাহু- জিব্রা-ঈ-লু বিইয়াদায়হ্।
করেছে এবং তাঁকে জিবরাঈল আমীন বহন করেছেন তার উভয় হাত দ্বারা।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি
হে আল্লাহ! দূরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي أَمَرَ اللَّهُ الْخَلْقَ بِاتِّبَاعِ سُنَّتِهِ وَفِرْضَتِهِ

সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- আমারাল্লা-হুল্ খালক্বা বিস্তিবা-ই সুন্নাতিহী- ওয়া ফারী-দোয়াতিহী-
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর সুন্নত ও ফরযকে অনুসরণ করার জন্য আল্লাহ তা'আলা সৃষ্টির প্রতি নির্দেশ দিয়েছেন

وَأَقَامَ اللَّهُ الدَّلِيلَ عَلَى صِدْقِهِ وَنُبُوتِهِ

ওয়া আক্বা-মাল্লা-হুদ্ দালী-লা 'আলা- সিদ্কিহী- ওয়া নুবুওয়াতিহ ।
এবং যাঁর সত্যতা ও নুবুওয়তের উপর আল্লাহ তা'আলা অকাট্য প্রমাণাদি পেশ করেছেন ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিও ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন্
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

أَوْلَى النَّاسِ بِالْمَبْرَةِ وَالْأَبْرَارِ وَأَحَقَّ الْخَلْقِ بِالتَّوْقِيرِ وَالْوَقَارِ

আওলান্ না-সি বিল্ মাবাররাতি ওয়াল্ আব্বরা-রি ওয়া আহাক্বক্বিল্ খালক্বি বিভাওক্বী-রি ওয়াল্ ওয়াক্বা-র ।
যিনি পুণ্য ও বদান্যতায় সর্বোত্তম এবং সৃষ্টির মধ্যে সর্বাধিক হক্বদার সম্মান ও মর্যাদা পাবার ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিও ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন্
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

أَعَزَّ النَّاسِ نَفْرًا وَكَانَ يُجَالِسُ الْمَسَاكِينَ وَالْفُقَرَاءَ

আ'আয্বিন্ না-সি নাফারাও ওয়া কা-না ইয়ুজা-লিসুল্ মাসা-কী-না ওয়াল্ ফুকা-রা-'
যিনি সর্বাধিক সম্মানিত ও বিজয়ী দলের অধিকারী এবং তিনি মিসকীন ও ফক্বীরদের বৈঠকেও বসতেন ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিও ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন্
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي هَدَاهُ اللَّهُ وَاخْتَارَهُ وَالْمَبْعُوثِ بِالْبَشَارَةِ وَالنَّذَارَةِ

ল্লাযী- হাদা-হুলা-হু ওয়াখতা-রাহু- ওয়াল্ মা'উ-সি বিল্বাশা-রাতি ওয়ান্নাযা-রাহ ।
যাঁকে আল্লাহ্ তা'আলা সঠিক পথে পরিচালিত করেছেন এবং চয়ন করে নিয়েছেন আর যাঁকে প্রেরণ করা হয়েছে সুসংবাদদাতা ও ভীতিপ্রদর্শনকারী হিসেবে ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي جَعَلَ اللَّهُ الْمُخَالَفَةَ لِسُنَّتِهِ ضَلَالًا

মুহাম্মাদিনি ল্লাযী- জা'আলাল্লা-হু মুখা-লাফাতা লিসুন্নাতিহী- দ্বোয়ালা-লাওঁ
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর সন্নাতের বিপরীত করাকে আল্লাহ্ তা'আলা গোমরাহী হিসেবে আখ্যায়িত করেছেন

وَجَعَلَ اللَّهُ الْاِقْتِدَاءَ بِهِ مِنْ خَالِصِ الْاَقْوَالِ وَالْاَفْعَالِ هِدَايَةً

ওয়া জা'আলাল্লা-হু ইক্বতিদা-আ বিহী- মিন্ খা-লিসিল্ আক্বওয়া-লি ওয়াল্ আফ'আ-লি হিদা-য়াহ ।
এবং তঁার বিশুদ্ধ কথা ও কাজসমূহ অনুসরণকে হিদায়ত হিসাবে সাব্যস্ত করেছেন ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনিল
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الْعَلِيمِ بِأَسْرَارِ الْكِتَابِ وَلَمْ يُسَدِّدْ دُونَهُ سِتْرٌ وَلَا حِجَابٌ

'আলী-মি বিআসরা-রিন্ কিতা-বি ওয়া লাম্ ইয়ুস্দাল্ দূ-নাহু- সিত্রুঁ ওয়ালা- হিজা-ব ।
যিনি কিতাবের রহস্যাদি সম্পর্কে পরিপূর্ণ অবগত এবং যাঁর সামনে ঝুলানো হয়নি কোন পর্দা ও হিজাব ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

